وَلَمَّا أَرَادَ إِبْرَاهِيْمُ أَنْ يَذْهَبَ قَالَتْ زَوْجُهُ هَاجِرُ ، إِلٰى أَيْنَ يَاسَيِّدِىْ؟ أَتَتْرُكُنِىْ هُنَا ؟ أَتَتْرُكُنِىْ وَلَيْسَ هُنَا مَاءٌ وَلَا طَعَامٌ! هَلْ أَمَرَكَ اللّٰهُ بِهٰذَا ؟ قَالَ إِبْرَاهِيْمُ : نَعَمْ : قَالَتْ هَاجِرُ ، إِذَنْ لَايُضِيْعُنَا!

## মক্কার উদ্দেশ্যে রওয়ানা

ইব্‌রাহীম(আ.)এর সম্প্রদায়, রাজা ও ইব্‌রাহীম (আঃ)-এর পিতা সকলেই যখন ক্রুদ্ধ হল, তখন ইব্‌রাহীম (আ.) অন্যত্র সফর করার ও সেখানে আল্লাহ্‌র 'ইবাদত করার ও লোকদেরকে আল্লাহ্‌র দিকে ডাকার মনস্থ করলেন। তাই পিতাকে বিদায় জানিয়ে স্ত্রী হাজেরাকে সঙ্গে নিয়ে মক্কার উদ্দেশ্যে রওয়ানা হলেন। তখন মক্কায় কোন নদী-নালা ছিল না, এবং সেখানে কোন তরুলতা ও গাছ-পালা ছিল না, এবং সেখানে কোন মানব ও প্রাণী ছিলনা। অর্থাৎ আবাসহীন এক মরুময় এলাকা ছিল। ইব্‌রাহীম মক্কায় পৌছে সেখানে অবস্থান নিলেন। যখন তিনি স্ত্রী হাজেরা ও পুত্র ইসমাইলকে রেখে চলে আসার ইচ্ছা করলেন তখন হাজেরা বললেন, জনাব! আপনি আমাকে খাবার ও পানি বিহীন জায়গায় একাকী রেখে যাচ্ছেন? এটা কি আল্লাহ্‌র আদেশ? ইব্‌রাহীম (আঃ) জবাব দিলেন হ্যাঁ, তখন হাজেরা (অকুণ্ঠ চিত্তে) বলে উঠলেন, তাহলে কেউ আমাদের ক্ষতি করতে পারবে না।

## إِعْرَابُ الْكَلَامِ

## বাক্য বিশ্লেষণ

(وَكَانَتْ مَكَّةُ لَيْسَ فِيْهَا بِئْرٌ وَلَانَهْرٌ)

(اَلْوَاو) استئنافية (كَانَ)-ফে'য়েলে নাকিস, (التَّاء) মুয়ান্নাছের 'আলামত, (مَكَّةُ) ইসমে كان (لَيْسَ) ফে'য়েলে নাকিস, (فِيْهَا) জার-মাজরূর মিলে مَوْجُوْدًا শিবহুল ফে'য়েলের সাথে মুতা'য়াল্লিক হয়ে لَيْسَ এর খবর, (بِئْرٌ) মা'তুফুন 'আলাইহ, (واو) হরফুল 'আতফ (لا) অতিরিক্ত হরফ যা নফীকে সুদৃঢ় করার জন্য এসেছে। (نَهْرٌ) মা'তুফ, তার পর معطوف عليه ও معطوف মিলে لَيْسَ - এর ইসম, لَيْسَ তার ইসম ও খবরকে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে খবরে كَانَ হয়েছে। অবশেষে كَانَ তার ইসম ও খবরকে নিয়ে جملة فعلية خبرية হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ.

## প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) مَنْ غَضِبُوْا عَلٰى إِبْرَاهِيْمَ ؟

(٢) لِمَاذَا غَضِبُوْا عَلَيْهِ؟

(٣) إِلٰى أَيْنَ أَرَادَ إِبْرَاهِيْمُ أَنْ يُسَافِرَ؟

(٤) مَتٰى أَرَادَ إِبْرَاهِيْمُ أَنْ يُسَافِرَ وَلِمَ؟

(٥) مَنْ رَافَقَ إِبْرَاهِيمَ فِي سَفَرِهِ؟
(٦) صِفْ لَنَا حَالَ مَكَّةَ لَمَّا قَصَدَهَا إِبْرَاهِيمُ؟
(٧) فِي أَيِّ مَكَانٍ تَرَكَ إِبْرَاهِيمُ زَوْجَهُ وَابْنَهُ؟
(٨) أَيُمْكِنُ لِأَحَدٍ أَنْ يَتْرُكَ زَوْجَتَهُ وَابْنَهُ الرَّضِيعَ فِي الصَّحْرَاءِ؟
(٩) مَاذَا قَالَتْ هَاجِرُ لَمَّا أَرَادَ إِبْرَاهِيمُ أَنْ يُفَارِقَ؟
(١٠) أَجَزِعَتْ هَاجِرُ أَمْ تَوَكَّلَتْ عَلَى اللّٰهِ؟
(١١) أَيَّ دَرْسٍ تَرَكَتْ هَاجِرُ لِنِسَاءِ الْمُسْلِمِينَ؟

## شَرْحُ الْكَلِمَاتِ (১৩)
## শব্দ বিশ্লেষণ

مَنْ حَفَرَ بِئْرًا لِأَخِيهِ -যেমন। খনন করা – (ض) حَفْرًا। কূপ – آبَارٌ ব-ব - بِئْرٌ
عَطَشًا। অন্যের জন্য গর্ত খোঁড়লে তাতে নিজে পড়তে হয়। - فَقَدْ وَقَعَ فِيهِ
(س) – পিপাসার্ত হওয়া। إِعْطَاشًا – পিপাসার্ত করা। عَطْشَان – পিপাসার্ত।
جُوْعًا (ن) – ক্ষুধার্ত হওয়া। إِجَاعَةٌ – ক্ষুধার্ত করা। عَذَابُ الْجُوْعِ – ক্ষুধার
জ্বালা। جَرْيًا (ض) – দৌড়ানো, প্রবাহিত হওয়া। اَلْمَاءُ الْجَارِيْ - প্রবাহমান
পানি। إِجْرَاءٌ – প্রবাহিত করা, জারী করা। مُبَارَكَةٌ – বরকত দান করা। مُبَارَكٌ
– বরকত ময়। صَحَارٰى ব-ব صَحْرَاءٌ – মরুময় ভূমি। دِرَايَةٌ (ض) জানা।

## بِئْرُ زَمْزَمَ

وَعَطِشَ إِسْمٰعِيلُ مَرَّةً ، وَأَرَادَتْ أُمُّهُ أَنْ تَسْقِيَهُ مَاءً، وَلٰكِنْ أَيْنَ الْمَاءُ؟ وَمَكَّةُ لَيْسَ فِيهَا بِئْرٌ، وَمَكَّةُ لَيْسَ فِيهَا نَهْرٌ ـ وَكَانَتْ هَاجِرُ تَطْلُبُ الْمَاءَ ، وَتَجْرِيْ مِنَ الصَّفَا إِلَى الْمَرْوَةِ وَمِنَ الْمَرْوَةِ إِلَى الصَّفَا وَنَصَرَ اللّٰهُ هَاجِرَ وَنَصَرَ إِسْمٰعِيلَ فَخَلَقَ لَهُمَا مَاءً وَخَرَجَ الْمَاءُ مِنَ الْأَرْضِ وَشَرِبَ إِسْمٰعِيلُ وَشَرِبَتْ هَاجِرُ وَبَقِيَ الْمَاءُ فَكَانَ بِئْرُ زَمْزَمَ ـ فَبَارَكَ اللّٰهُ فِي

زَمْـزَمُ - هٰـذِهِ هِيَ الْـبِئْـرُ الَّـتِـىْ يَشْـرَبُ مِـنْـهَـا الـنَّـاسُ فِـى الْـحَـجِّ وَيَـأْتُـوْنَ بِـمَـاءِ زَمْـزَمَ إِلٰـى بَـلَـدِهِـمْ هَـلْ شَـرِبْـتَ مَـاءَ زَمْـزَمَ؟

## ঐতিহাসিক যমযম কূপ

ইসমাঈল একবার খুব পিপাসার্ত হয়েছিল। ফলে তার মা তাকে পানি পান করাতে চাইলেন। কিন্তু পানি পাবেন কোথায়? মক্কা ছিল নদী-নালাহীন এক উষর মরুভূমি। হাজেরা পানির খোঁজে সাফা থেকে মারওয়া এবং মারওয়া থেকে সাফা ছোটাছুটি করতে লাগলেন। তখন আল্লাহ্ ভূমি থেকে পানি উৎসারিত করে ইসমাঈল ও হাজেরাকে সাহায্য করলেন। ফলে ইসমাঈল ও হাজেরা পানি পান করে তৃপ্ত হলেন। আর অবশিষ্ট পানি যমযম কূপে পরিণত হল। আল্লাহ্ তা'য়ালা যমযম কূপে বরকত দান করলেন। আর এটাই হল সেই ঐতিহাসিক যমযম কূপ, যা থেকে অসংখ্য হাজি সাহেব হজ্ব মৌসুমে পানি পান করেন ও পানি নিয়ে নিজেদের দেশে ফিরে যান। তোমার কি যমযমের পানি পান করার সৌভাগ্য হয়েছে?

## إِعْـرَابُ الْـكَـلَامِ

## বাক্য বিশ্লেষণ

(وَلٰـكِـنْ أَيْـنَ الْـمَـاءُ) (واو) استئنا فية (لٰـكِنْ) حرف الابتداء (أَيْـنَ) يُـوْجَـدُ ফে'য়েলে মাযূফের সাথে মুতা'য়াল্লিক হয়ে অগ্রবর্তী খবর এবং (الْـمَـاءُ) পশ্চাৎবর্তী মুবতাদা। পরিশেষে মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়া ইনশাইয়্যা হয়েছে।

(أَتَـتْـرُكُـنِـيْ وَلَـيْـسَ هُـنَـا مَـاءٌ) (أ) همزة الاستفهام (تَـتْـرُكُ) - ফে'য়েল, তার মাঝে বিদ্যমান দমীর أنت ফা'য়েল, (ن) نون الوقاية (اليـاء) ذو الـحـال (واو) حـالـيـة - (لَـيْـسَ) ফে'য়েলে নাকিস, (هُـنَـا) موجودا শিবহুল ফে'য়েলের সাথে ظرف المتعلق হয়ে ليس এর خبر এবং (مَـاءٌ) لَـيْـسَ এর ইসম। অতঃপর ফে'য়েলে নাকিস তার ইসম ও খবরকে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়ে حـال হয়েছে। তারপর হাল ও জুলহাল মিলে মাফ'উলুন বিহী। অবশেষে ফে'য়েল, ফা'য়েল ও মাফ'উলুন বিহী মিলে جملة فعلية إنشائية হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ.
## প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) مَاذَا فَعَلَتْ هَاجِرُ لَمَّا عَطِشَ إِسْمَاعِيلُ؟

(٢) لِمَاذَا جَرَتْ هَاجِرُ مِنَ الصَّفَا إِلَى الْمَرْوَةِ وَمِنَ الْمَرْوَةِ إِلَى الصَّفَا؟

(٣) أَوَجَدَتْ هَاجِرُ الْمَاءَ، وَكَيْفَ؟

(٤) مِنْ أَيْنَ خَرَجَ الْمَاءُ؟

(٥) مَنْ خَلَقَ لَهُمَا مَاءً؟

(٦) هَلْ رَأَيْتَ بِئْرَ زَمْزَمَ؟

(٧) أَيْنَ تَقَعُ هٰذِهِ الْبِئْرُ الْمُبَارَكَةُ؟

(٨) هَلْ شَرِبْتَ مَاءَ زَمْزَمَ؟

(٩) أَتَدْرِي أَنَّ هٰذَا الْمَاءَ شِفَاءٌ لِكُلِّ دَاءٍ؟

(١٠) قُلْ خَمْسَ جُمَلٍ عَنْ فَضِيلَةِ مَاءِ زَمْزَمَ.

(١١) اُذْكُرِ السَّبَبَيْنِ الَّذَيْنِ جَعَلَا كَلِمَةَ زَمْزَمَ غَيْرَ مُنْصَرِفٍ

## شَرْحُ الْكَلِمَاتِ (১৪)
## শব্দ বিশ্লেষণ

رُؤْيَا - ব-ব رُؤًى - স্বপ্ন, খাব। لِقَاءً (س) - সাক্ষাৎ করা। ذَبْحًا (ف) - যবেহ করা। صَبْرًا (ض) – ধৈর্য ধারণ করা। اَلصَّبْرُ مِفْتَاحُ الْجَنَّةِ – ধৈর্য জান্নাতের চাবি। بُلُوْغًا (ن) - পৌঁছা। حُلْقُوْمٌ ব-ব حَلَاقِيْمُ - কণ্ঠ, গলা। أَمْرًا (بـ ن) নির্দেশ দেওয়া। مَنَامٌ ব-ব مَنَامَاتٌ - স্বপ্ন, ঘুম। كَبْشٌ ব-ব أَكْبَاشٌ - দুম্বা। سِكِّيْنٌ ব-ব سَكَاكِيْنُ ছুরি। اِضْطِجَاعًا - কাত হয়ে শোয়া। خَلِيْلٌ ব-ব أَخِلَّاءُ - দোস্ত। وَضْعًا (ف) - রাখা। مَوْضُوْعٌ ব-ব مَوَاضِيْعُ বিষয়, স্থাপিত।

## رُؤْيَا إِبْرَاهِيْمَ

وَعَادَ إِبْرَاهِيْمُ إِلَى مَكَّةَ بَعْدَ مُدَّةٍ. وَلَقِيَ إِسْمٰعِيْلَ وَلَقِيَ هَاجِرَ. وَفَرِحَ إِبْرَاهِيْمُ بِوَلَدِهِ إِسْمٰعِيْلَ. وَكَانَ إِسْمٰعِيْلُ

وَلَدًاصَغِيْرًا ۔ يَجْرِى وَيَلْعَبُ وَيَخْرُجُ مَعَ وَالِدِهٖ ۔ وَكَانَ إِبْرَاهِيْمُ يُحِبُّ إِسْمٰعِيْلَ جِدًّا۔

وَذَاتَ لَيْلَةٍ رَأى إِبْرَاهِيْمُ فِى الْمَنَامِ أَنَّهٗ يَذْبَحُ إِسْمٰعِيْلَ ۔

وَكَانَ إِبْرَاهِيْمُ نَبِيًّا صَادِقًا ۔ وَكَانَ مَنَامُهٗ مَنَامًا صَادِقًا ۔

وَكَانَ إِبْرَاهِيْمُ خَلِيْلَ اللّٰهِ ۔ فَأَرَادَ أَنْ يَّفْعَلَ مَاأَمَرَهُ اللّٰهُ فِى الْمَنَامِ ۔

وَقَالَ إِبْرَاهِيْمُ لِإِسْمٰعِيْلَ (إِنِّي أَرٰى فِى الْمَنَامِ أَنِّى أَذْبَحُكَ فَانْظُرْ مَاذَا تَرٰى) قَالَ : يَاأَبَتِ افْعَلْ مَاتُؤْمَرُ سَتَجِدُنِي إِنْ شَاءَ اللّٰهُ مِنَ الصَّابِرِيْنَ ۔ وَأَخَذَ إِبْرَاهِيْمُ إِسْمٰعِيْلَ مَعَهٗ وَأَخَذَ سِكِّيْنًا ۔

وَلَمَّا بَلَغَ إِبْرَاهِيْمُ مِنٰى أَرَادَأَنْ يَّذْبَحَ إِسْمٰعِيْلَ ۔ وَاضْطَجَعَ إِسْمٰعِيْلَ عَلَى الْأَرْضِ ، وَأَرَادَإِبْرَاهِيْمُ أَنْ يَّذْبَحَ ، فَوَضَعَ السِّكِّيْنَ عَلٰى حُلْقُوْمِ إِسْمٰعِيْلَ ۔

وَلٰكِنَّ اللّٰهُ يُحِبُّ أَنْ يَّرٰى هَلْ يَفْعَلُ خَلِيْلُهٗ مَايَأْمُرُهٗ ۔ وَهَلْ يُحِبُّ اللّٰهَ أَكْثَرَ أَوْيُحِبُّ ابْنَهٗ أَكْثَرَ؟ وَنَجَحَ إِبْرَاهِيْمُ فِى الْاِمْتِحَانِ –

فَأَرْسَلَ اللّٰهُ جِبْرِيْلَ بِكَبْشٍ مِّنَ الْجَنَّةِ وَقَالَ : اِذْبَحْ هٰذَا وَلَا تَذْبَحْ إِسْمٰعِيْلَ ۔ وَأَحَبَّ اللّٰهُ عَمَلَ إِبْرَاهِيْمَ ، فَأَمَرَ الْمُسْلِمِيْنَ بِالذَّبْحِ فِى عِيْدِ الْأَضْحٰى ۔

صَلَّى اللّٰهُ عَلٰى إِبْرَاهِيْمَ الْخَلِيْلِ وَسَلَّمَ ۔ وَصَلَّى اللّٰهُ عَلٰى ابْنِهٖ إِسْمٰعِيْلَ وَسَلَّمَ ۔

## ইব্‌রাহীমের স্বপ্ন

কিছু দিন পর ইব্‌রাহীম (আঃ) স্ত্রী হাজেরা ও পুত্র ইসমাঈলের সাথে দেখা করার জন্য মক্কায় ফিরে এলেন। ইব্‌রাহীম (আঃ) তাঁর শিশু পুত্র ইসমাঈলকে দেখে খুব খুশী হলেন। ইসমাঈল ছোট ছিলেন। তিনি খেলা-ধুলা করতেন এবং পিতার সাথে বাহিরে যেতেন। ইব্‌রাহীম (আঃ) শিশু ইসামাঈলকে খুব আদর করতেন।

এক রাত্রে ইব্‌রাহীম (আঃ) স্বপ্নে দেখেন যে, তিনি ইসামাঈলকে যবেহ করছেন। ইব্‌রাহীম (আঃ) ছিলেন সত্য নবী। তাই তাঁর স্বপ্ন ছিল সত্য স্বপ্ন। ইব্‌রাহীম ছিলেন আল্লাহ্‌র দোস্ত। তাই তিনি আল্লাহ্‌র পক্ষ থেকে প্রাপ্ত আদেশ পালন করার ইচ্ছা করলেন। তিনি ইসমাঈলকে বললেন, "আমি স্বপ্নের মধ্যে তোমাকে যবেহ করতে দেখেছি, এখন তোমার অভিমত কি বল? ইসমাঈল বললেন, আব্বা! আপনাকে যা আদেশ করা হয়েছে আপনি তা পূর্ণ করুন। আল্লাহ্‌ চাহেতো আমাকে ধৈর্য ধারণকারীদের মধ্যে পাবেন।

অতঃপর ইব্‌রাহীম (আঃ) একটি ছুরি নিলেন এবং ইসমাঈলকে নিয়ে মিনায় পৌছলেন। সেখানে ইসমাঈলকে যবেহ্‌ করার জন্য তার গলায় ছুরি চালালেন। মূলত আল্লাহ্‌ পাক দেখতে চেয়েছিলেন, তাঁর বন্ধু তাঁর আদেশ পালন করে কিনা? বন্ধু কি আল্লাহকে বেশী ভালবাসেন না আপন পুত্রকে? ইব্‌রাহীম (আঃ) আল্লাহ্‌র পরীক্ষায় উত্তীর্ণ হলেন। তখন আল্লাহ্‌ তাআলা জান্নাতের একটি দুম্বাসহ জিব্রাঈল (আঃ) কে প্রেরণ করে বললেন, এই দুম্বা যবেহ্‌ করো, ইসমাঈলকে যবেহ করোনা। আল্লাহ্‌ তা'আলা ইব্‌রাহীম (আঃ)-এর কাজকে পছন্দ করে মুসলমানদেরকে ঈদুল আযহার দিন কুরবানী করার আদেশ করলেন। আল্লাহ্‌ তা'আলা হযরত ইব্‌রাহীম (আঃ) ও তাঁর পুত্র ইসমাঈলের প্রতি শান্তি ও রহমত বর্ষণ করুন। আমীন।

## إِعْرَابُ الْكَلَامِ

## বাক্য বিশ্লেষণ

(سَتَجِدُنِي إِنْ شَاءَ اللّٰهُ مِنَ الصَّابِرِيْنَ) (س) حرف التنفيس والاستقبال (تَجِدُ) ফে'য়েল তার মাঝে বিদ্যমান দমীর أنت ফা'য়েল, (ن) نون الوقاية (ي) মাফ'উলুন বিহী الصَّابِرِيْنَ (من) জার ও মাজরূর মিলে تَجِدُ ফে'য়েলের সাথে মুতা'য়াল্লিক হয়েছে। অতঃপর ফে'য়েল, ফা'য়েল, মাফ'উলুন বিহী ও মুতা'য়াল্লিক মিলে জুমলায়ে ফে'লিয়া হয়ে جواب الشرط (إن) حرف الشرط (شاء) ফে'য়েল, (الله) ফা'য়েল, ফে'য়েলও ফা'য়েল মিলে জুমলায়ে ফে'লিয়া হয়ে شرط হয়েছে। অবশেষে শর্ত ও জাযা মিলে জুমলায়ে শরতিয়া হয়েছে।

( صَلَّى اللّٰهُ عَلٰى إِبْرَاهِيْمَ الْخَلِيْلِ ) (صلى) ( صلى ) ফে'য়েল, (الله) ফা'য়েল, (على) হরফুল জার, (إبراهيم) মুবদাল মিনহু ( الخليل ) বদল, অতঃপর মুবদাল মিনহু ও বদল মিলে মাজরূর, জার ও মাজরূর মিলে ফে'য়েলের সাথে মুতা'য়াল্লাক হয়েছে। পরিশেষে ফে'য়েল, ফা'য়েল ও মুতা'য়াল্লিক মিলে جملة فعلية معترضة دعائية হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ.

## প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) مَتٰى عَادَ إِبْرَاهِيْم إِلٰى مَكَّةَ وَلِمَ؟

(٢) أَفَرِحَ إِبْرَاهِيْم بِرُؤْيَةِ وَلَدِهٖ؟

(٣) هَلْ كَانَ إِسْمَاعِيْلُ شَابًّا لَمَّا عَادَ وَالِدُهٗ؟

(٤) مَاذَا رَأٰى إِبْرَاهِيْمُ فِى الْمَنَامِ؟

(٥) لِأَيِّ مَقْصَدٍ أَمَرَ اللّٰهُ إِبْرَاهِيْم أَنْ يَذْبَحَ وَلَدَهٗ؟

(٦) أَكَانَ مَقْصَدُهٗ أَنْ يَمْتَحِنَ خَلِيْلَهٗ؟

(٧) مَاذَا قَالَ إِسْمَاعِيْلُ حِيْنَ سَمِعَ مِنْ وَالِدِهٖ رُؤْيَاهُ؟

(٩) أَيْنَ وَضَعَ إِبْرَاهِيْمُ السِّكِّيْنَ وَلِمَاذَا؟

(١٠) بِمَ أَرْسَلَ اللّٰهُ جِبْرِيْلَ وَمَاذَا قَالَ لَهٗ؟

(١١) مَاذَا قَصَدَ اللّٰهُ بِأَمْرِهٖ أَنْ يَذْبَحَ إِسْمَاعِيْلَ؟

(١٢) هَلْ نَجَحَ إِبْرَاهِيْمُ فِى اِمْتِحَانِ رَبِّهٖ؟

(١٣) بَيِّنْ حُلْمًا جَمِيْلًا مِنْ أَحْلَامِكَ

## شَرْحُ الْكَلِمَاتِ (১৫)
## শব্দ বিশ্লেষণ

جِبَالٌ। ب-ب- جَبَلٌ। مُسَاعَدَةٌ - সহায়তা করা। (ض) بِنَاءٌ নির্মাণ করা। تَقَبُّلاً -পাহাড়। جَبَلِيٌّ - পাহাড়ী। كَالْجِبَالِ الرَّاسِيَاتِ - অনড় পাহাড়ের মত - গ্রহণ করা। سَمِيْعٌ - সর্বশ্রোতা। عَلِيْمٌ - সর্ব জ্ঞানী। صَلَاةٌ - নামায পড়া। - مَنْقُوْلٌ (به) صَلَّى - নামায পড়ানো। نَقْلاً (ن) - স্থানান্তরিত করা। স্থানান্তরিত, বর্ণিত। إِنْتِقَالًا - স্থানান্তরিত হওয়া। تَوَجُّهًا - অভিমুখী হওয়া।। عَدِيْمٌ - অভিমুখী করা। طَوَافًا (ن) - প্রদক্ষিণ করা। عِلْمٌ - জ্ঞান। تَوْجِيْهًا - الْعِلْمِ خَيْرٌ مِّنْ قَلِيْلِهِ - অল্প বিদ্যা ভয়ংকর। جَوَازًا (ن) বৈধ হওয়া।

## اَلْكَعْبَةُ

وَذَهَبَ إِبْرَاهِيْمُ وَعَادَ بَعْدَ ذٰلِكَ ، وَأَرَادَ أَنْ يَّبْنِىَ بَيْتًا لِلّٰهِ - وَكَانَتِ الْبُيُوْتُ كَثِيْرَةً وَمَا كَانَ بَيْتٌ لِلّٰهِ يَعْبُدُوْنَ فِيْهِ اللّٰهَ وَأَرَادَ إِسْمٰعِيْلُ أَنْ يَّبْنِىَ بَيْتًا لِلّٰهِ مَعَ وَالِدِهٖ ـ وَنَقَلَ إِبْرَاهِيْمُ وَإِسْمٰعِيْلُ الْحِجَارَةَ مِنَ الْجِبَالِ ـ وَكَانَ إِبْرَاهِيْمُ يَبْنِىْ الْكَعْبَةَ بِيَدِهٖ وَكَانَ إِسْمٰعِيْلُ يَبْنِىْ الْكَعْبَةَ بِيَدِهٖ ـ وَكَانَ إِبْرَاهِيْمُ يَذْكُرُ اللّٰهَ وَيَدْعُوْ ـ وَكَانَ إِسْمٰعِيْلُ يَذْكُرُ اللّٰهَ وَيَدْعُوْ ـ (رَبَّنَا تَقَبَّلْ مِنَّا إِنَّكَ أَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ )

وَتَقَبَّلَ اللّٰهُ مِنْ إِبْرَاهِيْمَ وَإِسْمٰعِيْلَ وَبَارَكَ فِى الْكَعْبَةِ

نَحْنُ نَتَوَجَّهُ إِلَى الْكَعْبَةِ فِىْ كُلِّ صَلَاةٍ ـ وَيُسَافِرُ الْمُسْلِمُوْنَ إِلَي الْكَعْبَةِ فِىْ أَيَّامِ الْحَجِّ ـ وَيَطُوْفُوْنَ بِالْكَعْبَةِ وَيُصَلُّوْنَ عِنْدَهَا ـ بَارَكَ اللّٰهُ فِى الْكَعْبَةِ ـ وَتَقَبَّلَ مِنْ إِبْرَاهِيْمَ وَإِسْمٰعِيْلَ صَلَّى اللّٰهُ عَلٰى إِبْرَاهِيْمَ وَسَلَّمَ ـ صَلَّى اللّٰهُ عَلٰى إِسْمٰعِيْلَ وَسَلَّمَ وَصَلَّى اللّٰهُ عَلٰى مُحَمَّدٍ وَسَلَّمَ -

## কা'বা ঘর নির্মাণ

ইব্‌রাহীম (আঃ) গিয়ে পুনরায় ফিরে এলেন। তিনি আল্লাহ্‌র 'ইবাদতের উদ্দেশ্যে একটি ঘর তৈরী করতে চাইলেন। কেননা মক্কায় অনেক ঘর ছিল, কিন্তু আল্লাহ্‌র 'ইবাদত করার জন্য সেখানে কোন ঘর ছিল না। ফলে ইসমা'ঈল পিতার সঙ্গে আল্লাহ্‌র ওয়াস্তে একটি ঘর তৈরী করতে চাইলেন। ইব্‌রাহীম ও ইসমা'ঈল (আঃ) পাহাড় থেকে পাথর বহন করে আনতেন এবং স্বহস্তে কা'বা শরীফ নির্মাণ করতেন। কাজ শেষে তারা উভয়ে আল্লাহ্‌র নিকট দু'আ করতেন, "হে আল্লাহ! আমাদের কাজ কবুল করুন, নিশ্চয় আপনি সর্বশ্রোতা ও সর্বজ্ঞাত।"

আল্লাহ্‌ তা'আলা তাঁদের দু'আ কবুল করে কা'বা শরীফে বরকত দান করেছেন। ফলে আমরা প্রত্যেক নামাযে কা'বা অভিমুখী হয়ে দাঁড়াই এবং মুসমালমানগণ হজ মৌসুমে কা'বা শরীফের উদ্দেশ্যে গমন করেন, এবং কা'বা শরীফ তাওয়াফ করেন ও সেখানে নামায আদায় করেন। হে আল্লাহ! (ইব্রাহীম ও ইসমা'ঈলের মেহনতের ফসল) কা'বা শরীফে বরকত দান করুন এবং তাদের মেহনত কবুল করুন। আপনি ইব্‌রাহীম ও ইসমা'ঈলের প্রতি শান্তি ও দয়া বর্ষণ করুন এবং মুহাম্মদ (সঃ) এর উপর শান্তি ও রহমত বর্ষণ করুন।

## إِعْرَابُ الْكَلَامِ

## বাক্য বিশ্লেষন

(رَبَّنَا تَقَبَّلْ مِنَّا إِنَّكَ أَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ)

(رَبَّنَا) মুদাফ ও মুদাফুন ইলাইহ মিলে মুনাদা, শুরুতে "يَا" হরফুন্নেদা উহ্য রয়েছে। অতঃপর হরফুন্নেদা ও মুনাদা মিলে جملة النداء হয়েছে। (تقبل) ফে'য়েল, তার মাঝে বিদ্যমান দমীর أَنْتَ ফা'য়েল (مِنَّا) জার ও মাজরূর মিলে ফে'য়েলের সাথে মুতা'য়াল্লিক হয়েছে। তারপর ফে'য়েল, ফা'য়েল ও মুতা'য়াল্লিক মিলে জুমলা হয়ে جواب النداء হয়েছে। (إِنَّ) حرف مشبه بالفعل (ك) দমীর তার ইসম, (أَنْتَ) اَلْفَاصِلُ (السَّمِيْعُ) প্রথম খবর (اَلْعَلِيْمُ) দ্বিতীয় খবর। পরিশেষে إِنَّ তার ইসম ও উভয় খবরকে নিয়ে جملة إسمية হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ

### প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) مَاذَا أَرَادَ إِبْرَاهِيمُ أَنْ يَبْنِيَ؟
(٢) لِمَاذَا أَرَادَ إِبْرَاهِيمُ أَنْ يَبْنِيَ بَيْتًا ؟
(٣) هَلْ أَرَادَ أَنْ يَبْنِيَ بَيْتًا لِيَسْكُنَ فِيهِ؟
(٤) مَنْ سَاعَدَ إِبْرَاهِيمَ فِي بِنَاءِ الْكَعْبَةِ؟
(٥) مِنْ أَيْنَ نَقَلَ إِبْرَاهِيمُ وَإِسْمَاعِيلُ الْحِجَارَةَ؟
(٦) مَاذَا كَانَ دُعَاؤُهُمَا ؟
(٧) أَيْنَ يُسَافِرُ الْمُسْلِمُونَ فِي أَيَّامِ الْحَجِّ وَلِمَ؟
(٨) إِلَى أَيَّةِ جِهَةٍ تَتَوَجَّهُونَ فِي الصَّلَاةِ؟
(٩) مَنْ صَلَّى صَلَاةً وَلَمْ يَتَوَجَّهْ إِلَى جِهَةِ الْكَعْبَةِ فَهَلْ جَازَتْ صَلَاتُهُ؟
(١٠) مَنْ صَلَّى رَكْعَةً فِي الْكَعْبَةِ فَمَاذَا أَجْرُهُ؟
(١١) أَدَخَلْتَ الْكَعْبَةَ وَصَلَّيْتَ فِيهَا ؟

## شَرْحُ الْكَلِمَاتِ (১৬)

### শব্দ বিশ্লেষণ

- حَوْلَ । আশেপাশে, চতুর্দিকে। سُكْنَى (ن) বাস করা। سَاكِنٌ ب-ব- سُكَّانٌ - অধিবাসী। نَبِيٌّ ب-ব - أَنْبِيَاء নবী - أَنَا خَاتَمُ النَّبِيِّنَ - আমি শেষ নবী। قَصَصًا (عَلَيْهِ . ن) - গল্প করা। قِصَّةٌ ب-ব - قَصَصٌ - গল্প। إِلَيْكَ - লও। যেমন- إِلَيْكَ الْقَلَمُ - কলম লও। إِلَيْكَ عَنِّيْ - দূর হও। عَجِيْبَةٌ ب-ব - عَجَائِبُ অদ্ভুত, বিস্ময় কর। قَبْضًا (ض) দখল করা। عَزْمًا (ض) প্রতিজ্ঞা করা। تَحْرِيْرًا মুক্ত করা।

## بَيْتُ الْمَقْدِسِ

وَكَانَ لِإِبْرَاهِيمَ زَوْجٌ أُخْرَى اِسْمُهَا سَارَةُ ـ وَكَانَ لِإِبْرَاهِيمَ وَلَدٌ آخَرُ مِنْ سَارَةَ اسْمُهُ إِسْحٰقُ ـ وَسَكَنَ إِبْرَاهِيمُ فِي الشَّامِ

وَسَكَنَ إِسْحٰقُ ـ وَبَنٰى إِسْحٰقُ بَيْتًا لِلّٰهِ فِى الشَّامِ ـ كَمَا بَنٰى أَبُوْهُ وَأَخُوْهُ بَيْتًا لِلّٰهِ فِىْ مَكَّةَ ـ وَهٰذَا الْمَسْجِدُ الَّذِىْ بَنَاهُ إِسْحٰقُ فِى الشَّامِ هُوَ بَيْتُ الْمَقْدِسِ ـ وَهُوَ الْمَسْجِدُ الْأَقْصٰى الَّذِىْ بَارَكَ اللّٰهُ حَوْلَهُ ، وَبَارَكَ اللّٰهُ فِي أَوْلَادِ إِسْحٰقَ كَمَا بَارَكَ فِي أَوْلَادِإِسْمٰعِيْلَ ـ وَكَانَ فِيْهِمْ أَنْبِيَاءُ وَمُلُوْكٌ ـ وَكَانَ لِإِسْحَاقَ وَلَدٌ اسْمُهُ يَعْقُوْبُ وَكَانَ نَبِيًّا ـ وَكَانَ يَعْقُوْبُ لَهُ اِثْنَا عَشَرَ وَلَدًا ـ مِنْهُمْ يُوْسُفُ بَنُ يَعْقُوْبَ ـ وَيُوْسُفُ لَهُ قِصَّةٌ عَجِيْبَةٌ فِى الْقُرْآنِ–وَإِلَيْكَ هٰذِهِ الْقِصَّةُ

## বাইতুল মাক্‌দিস

ইবরাহীম (আঃ) এর সারা নাম্নি অপর একজন স্ত্রী ছিল। এবং সারা গৃহে ইসহাক নামে ইব্‌রাহীম (আঃ) এর আরেকটি পুত্র ছিল। ইব্‌রাহীম ও ইসহাক (আঃ) সিরিয়ায় বাস করতেন। ইসহাক (আঃ) আল্লাহ্‌র 'ইবাদতের উদ্দেশ্যে সিরিয়ায় একটি ঘর নির্মাণ করেছেন, যেমন তাঁর পিতা ও ভাই আল্লাহ্‌র 'ইবাদতের উদ্দেশ্যে মক্কায় ঘর নির্মাণ করেছিলেন। আর এটাই হলো সেই মসজিদুল আক্‌সা, যার চারপাশে আল্লাহ্‌ বরকত দান করেছেন। আল্লাহ্‌ তা'আলা ইসহাক (আঃ) এর বংশে বরকত দান করেছেন, যেমন দান করেছিলেন ইসমাইল (আঃ) এর বংশে। তাই তাদের মাঝে অনেক নবী ও শাসক তৈরী হয়েছিল। ইসহাক (আঃ) এর ইয়া'কুব নামে এক ছেলে ছিল। তিনিও নবী ছিলেন। আবার ইয়া'কূব (আঃ) এর বারজন ছেলে ছিল। তন্মধ্যে একজন হলেন ইউসুফ ইবনে ইয়া'কূব। তাঁর সম্পর্কে কুরআনে কারীমে একটি অপূর্ব ঘটনা বর্ণিত হয়েছে। এসো সেই ঘটনাটি পড়ি

## إِعْرَابُ الْكَلَامِ
## বাক্য বিশ্লেষণ

**(وَكَانَ يَعْقُوْبُ لَهُ اثْنَاعَشَرَ وَلَدًا)**

(واو) استئنافية (كَانَ) ফে'য়েলে নাকিস (يَعْقُوْبُ) كَانَ এর ইসম, (لَهُ) জর-মাজরূর মিলে مَوْجُوْدٌ শিবহুল ফে'য়েলের সাথে মুতা'য়াল্লিক হয়ে খবর, (اثْنَا عَشَرَ) মুরাক্কাবে বিনায়ী مميز (وَلَدًا) تمييز হয়েছে। তামীয ও মুমায়্যায

মিলে মুবতাদা, তারপর মুবতাদা ও খবর মিলে جملة اسمية হয়ে كَانَ - এর খবর, পরিশেষে كَانَ তার ইসম ও খবরকে নিয়ে جملة فعلية হয়েছে।

**(وَهُوَ الْمَسْجِدُ الْأَقْصٰى الَّذِىْ بَارَكَ اللّٰهُ حَوْلَهُ)**

(واو) অতিরিক্ত অব্যয় (اَلْمَسْجِدُ) মওছূফ (الْأَقْصٰى) প্রথম ছিফাত (الَّذِىْ) ইসমুল মাওছূল, (بَارَكَ) ফে'য়েল, (اللّٰه) ফা'য়েল, (حَوْلَه) مركب إضافى হয়ে মাফ'উলুন ফীহি। ফে'য়েল, ফা'য়েল ও মাফ'উলুন ফীহি মিলে জুমলায়ে ফে'লিয়া হয়ে ছিলা, তারপর ইসমুল মাওছূল ও ছিলা মিলে দ্বিতীয় ছিফাত। মাওছূফও ছিফাত মিলে مركب توصيفى হয়ে খবর, পরিশেষে মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়া হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ
## প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) مَنْ سَارَةُ وَمَنْ إِسْحَاقُ؟

(٢) أَيْنَ سَكَنَ إِسْحَاقُ وَمَاذَا بَنٰي فِى الشَّامِ؟

(٣) مَا اسْمُ الْبَيْتِ الَّذِىْ بَنَاهُ إِسْحَاقُ فِى الشَّامِ؟

(٤) لِمَاذَا بَنٰى إِسْحَاقُ الْبَيْتَ فِى الشَّامِ؟

(٥) مَنْ يَعْقُوْبُ وَمَنْ يُوْسُفُ؟

(٦) كَمْ وَلَدًا كَانَ لِيَعْقُوْبَ؟

(٧) لِأَيِّ مَقْصَدٍ ذَكَرَ اللّٰهُ قِصَّةَ يُوْسُفَ فِى الْقُرْآنِ؟

(٨) أَحَفِظْتَ سُوْرَةَ يُوْسُفَ؟

(٩) فِيْ أَيِّ جُزْءٍ مِّنَ الْقُرْآنِ تَقَعُ هٰذِهِ السُّوْرَةُ؟

(١٠) مَنْ صَلّٰي رَكْعَةً فِى الْمَسْجِدِ الْأَقْصٰى فَمَاذَا أَجْرُهُ؟

(١١) أَتَدْرِىْ أَنَّ الْيَهُوْدَ قَبَضُوْا عَلَى الْمَسْجِدِ الْأَقْصٰى؟

(١٢) أَتَعْزِمُ أَن تُحَرِّرَ بَيْتَ الْمَقْدِسِ مِنَ الْيَهُوْدِ الظَّالِمِيْنَ؟

# أَحْسَنُ الْقَصَصِ
# সুন্দর ঘটনা
## شَرْحُ الْكَلِمَاتِ (١)
### শব্দ বিশ্লেষণ

حُسْنًا (ك) – সুন্দর হওয়া, إِحْسَانًا - সুন্দর করা। غُلَامٌ - ب-ب غِلْمَانٌ - বালক, কৃতদাস। حِكَايَةٌ (ض ـ ك) - বর্ণনা করা। حِكَايَةٌ - ب-ب حِكَايَاتٌ - ঘটনা, কাহিনী। شَأْنٌ -ب-ب شُئُونٌ - মর্যাদা, অবস্থা। بِشَارَةٌ/ - ب-ب بَشَائِرُ - শুভ সংবাদ। تَبْشِيرًا (بِهِ) শুসংবাদ দেওয়া। যেমন فَبَشِّرْهُمْ بِعَذَابٍ أَلِيمٍ - إِنْعَامًا (عَلَيْهِ) অনুগ্রহ করা। آلٌ - বংশধর, পরিবার বর্গ। شَيْخٌ -ب-ب شُيُوخٌ - বৃদ্ধ, প্রধান طَبِيعَةٌ -ب-ب طَبَائِعُ - স্বভাব, প্রকৃতি। যথা- اَلطَّبَائِعُ مُخْتَلِفَةٌ - প্রকৃতি বৈচিত্রময়। إِخْبَارًا (بِهِ) - সংবাদ দেওয়া। خَبَرٌ ب-ب-ب أَخْبَارٌ -সংবাদ। خَبَرٌ سَارٌّ - শুভ সংবাদ। حَسَدًا (ن) - হিংসা করা। حَاسِدٌ - হিংসুক। مَحْسُودٌ - হিংসিত। كُنْ مَحْسُودًا وَلَا تَكُنْ حَاسِدًا - হিংসিত হও, হিংসুক হয়ো না।

## ١- رُؤْيَا عَجِيبَةٌ

كَانَ يُوسُفُ وَلَدًا صَغِيرًا ـ وَكَانَ لَهُ أَحَدَ عَشَرَ أَخًا ـ وَكَانَ يُوسُفُ غُلَامًا جَمِيلًا ـ وَكَانَ يُوسُفُ غُلَامًا ذَكِيًّا ـ وَكَانَ أَبُوهُ يَعْقُوبُ يُحِبُّهُ أَكْثَرَ مِنْ جَمِيعِ إِخْوَتِهِ ذَاتَ لَيْلَةٍ رَأَى يُوسُفُ رُؤْيَا عَجِيبَةً ـ رَأَى أَحَدَ عَشَرَ كَوْكَبًا وَرَأَى الشَّمْسَ وَالْقَمَرَ كُلٌّ يَسْجُدُ لَهُ ـ تَعَجَّبَ يُوسُفُ الصَّغِيرُ كَثِيرًا ! وَمَا فَهِمَ هٰذِهِ الرُّؤْيَا ، كَيْفَ تَسْجُدُ الْكَوَاكِبُ وَالشَّمْسُ وَالْقَمَرُ لِرَجُلٍ؟ ذَهَبَ يُوسُفُ الصَّغِيرُ إِلَى أَبِيهِ يَعْقُوبَ وَحَكَى لَهُ هٰذِهِ الرُّؤْيَا الْعَجِيبَةِ ـ (قَالَ يَا أَبَتِ إِنِّي رَأَيْتُ أَحَدَ عَشَرَ كَوْكَبًا وَالشَّمْسَ وَالْقَمَرَ رَأَيْتُهُمْ لِي سَاجِدِينَ) ـ وَكَانَ أَبُوهُ يَعْقُوبُ نَبِيًّا ،فَرِحَ يَعْقُوبُ بِهٰذِهِ الرُّؤْيَا كَثِيرًا وَقَالَ بَارَكَ اللّٰهُ لَكَ

يَا يُوسُفُ ، فَسَيَكُونُ شَأْنٌ لَكَ ـ هٰذِهِ الرُّؤْيَا بِشَارَةُ عِلْمٍ وَنُبُوَّةٍ وَقَدْأَنْعَمَ اللّٰهُ عَلٰى جَدِّكَ إِسْحٰقَ وَقَدْ أَنْعَمَ اللّٰهُ عَلٰى جَدِّكَ إِبْرَاهِيمَ ـ وَإِنَّهُ يُنْعِمُ عَلَيْكَ وَيُنْعِمُ عَلٰى آلِ يَعْقُوبَ

وَكَانَ يَعْقُوبُ شَيْخًا كَبِيرًا ، وَكَانَ يَعْرِفُ طَبَائِعَ النَّاسِ وَكَانَ يَعْرِفُ كَيْفَ يَغْلِبُ الشَّيْطَانُ ، وَكَيْفَ يَلْعَبُ الشَّيْطَانُ بِالْإِنْسَانِ ـ فَقَالَ : يَا وَلَدِي لَاتُخْبِرْ بِهٰذِهِ الرُّؤْيَا أَحَدًا مِنْ إِخْوَتِكَ فَإِنَّهُمْ يَحْسُدُونَكَ وَيَكُونُونَ لَكَ عَدُوًّا ـ

## এক অপূর্ব স্বপ্ন

ইউসুফ (আঃ) ছোট বালক ছিলেন। তাঁর এগার ভাই ছিল। ইউসুফ (আঃ) ফুটফুটে সুন্দর ও বুদ্ধিমান বালক ছিলেন। তাঁর পিতা ইয়া'কূব (আঃ) তাকে সব ভাইয়ের চেয়ে বেশী ভালবাসতেন। এক রাত্রে ইউসুফ (আঃ) একটি অপুর্ব স্বপ্ন দেখলেন। তিনি দেখেন যে, এগারটি তারকা, চন্দ্র ও সূর্য তাঁকে সিজ্‌দা করছে। বালক ইউসূফ খুব আশ্চর্যান্বিত হলেন। কিন্তু স্বপ্নের কোন মর্ম বুঝতে পারলেন না। কিভাবে তারকারাজী ও চন্দ্র -সূর্য একজন মানুষকে সিজ্‌দা করতে পারে? বালক ইউসুফ তার পিতা ইয়া'কূব (আঃ) এর নিকট গিয়ে স্বপ্নটির বিবরণ দিয়ে বললেন, আব্বাজান! আমি দেখলাম যে, এগারোটি তারকা, চন্দ্র ও সূর্য আমাকে সিজ্‌দা করছে। ইয়া'কূব (আঃ) নবী ছিলেন। তাই তিনি স্বপ্নের মর্ম বুঝে খুব আনন্দিত হয়ে বললেন, আল্লাহ্ তোমার জীবনে বরকত দান করুন। তোমার উজ্জ্বল ভবিষ্যৎ রয়েছে। এই স্বপ্ন ইল্‌ম ও নবুওয়াতের সুসংবাদ বাহক। আল্লাহ তা'আলা তোমার পিতামহ ইসহাক (আঃ) ও প্রোপিতামহ ইব্‌রাহীম (আঃ) এর প্রতি অনুগ্রহ করেছেন, তেমনি তিনি তোমার প্রতি ও তোমার পিতা ইয়া'কূবের (আঃ) বংশের প্রতি অনুগ্রহ করবেন। ইয়া'কূব (আঃ) অত্যন্ত প্রবীন ও জ্ঞানী লোক ছিলেন। তিনি মানুষের স্বভাব-প্রকৃতি বুঝতেন। তিনি বুঝতেন শয়তান কিভাবে মানুষকে পরাস্ত ও প্রতারিত করে। তাই তিনি ইউসুফকে (সতর্ক করে) বললেন, তোমার স্বপ্নের কথা ভাইদের কারো কাছে বলো না। কারণ তারা তোমাকে হিংসা করবে ও তোমার প্রতি শত্রুতা পোষণ করবে।

## إِعْرَابُ الْكَلَامِ
## বাক্য বিশ্লেষণ

(كَانَ أَبُوهُ يَعْقُوبُ يُحِبُّهُ أَكْثَرَ مِنْ جَمِيعِ إِخْوَتِهِ) বাক্যটি মূলত এরূপ ছিল (كَانَ أَبُوهُ يَعْقُوبُ يُحِبُّهُ حُبًّا أَكْثَرَ مِنْ حُبِّ جَمِيعِ إِخْوَتِهِ (كان) ফেয়েল নাকিস, (أَبُوهُ) مركب إضافى হয়ে مبدل منه আর (يَعْقُوبُ) بدل হয়েছে। মুবদাল মিনহু ও বদল মিলে كان এর ইস্‌ম, (يُحِبُّ) ফে'য়েল, তার মাঝে বিদ্যমান দমীর هُوَ ফা'য়েল (ه) দমীর মাফ'উলুন বিহী (حبا) - মাওছূফ উহ্য আছে, (أَكْثَر) শিবহুল ফে'য়েল, তার মাঝে বিদ্যমান দমীর هو ফা'য়েল (من) হরফুল জর (جَمِيع) মুদাফ, (إِخْوَتِه) মুদাফ, মুদাফুন ইলাই মিলে পুনরায় جميع এর মুদাফুন ইলাইহ হয়েছে। আর মুদাফ ও মুদাফুন ইলাইহ মিলে উহ্য حب এর مضاإليه হয়েছে। তার পর উভয় মিলে মাজরূর হয়েছে। জর-মাজরূর মিলে শিবহুল ফে'য়েলের সাথে মুতা'য়াল্লিক হয়েছে। শিবহুল ফে'য়েল, ফা'য়েল ও মুতা'য়াল্লিক মিলে شبه الجملة হয়ে উহ্য মাওছূফের ছিফাত হয়েছে। অতঃপর মাওছূফ ও ছিফাত মিলে مفعول مطلق হয়েছে। ফে'য়েল, ফা'য়েল মাফ'উলুন বিহী ও মাফ'উলে মুতলাক মিলে জুমলায়ে ফে'লিয়া হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ
## প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) هَلْ قَرَأْتُمْ قِصَّةَ يُوسُفَ فِى الْقُرْآنِ؟

(٢) فِى أَيِّ جُزْءٍ وَمِنَ الْقرآنِ قَرَأْتُمْ هٰذِهِ السُّوْرَةَ؟

(٢) كَيْفَ كَانَ يُوسُفُ وَكَمْ يُحِبُّه أَبُوهُ؟

(٣) لِأَيِّ شَيْءٍ كَانَ يُحِبُّهُ أَبُوهُ أَكْثَرَ مِنْ جَمِيعِ إِخْوَتِهِ؟

(٥) مَا هِىَ الرُّؤْيَا الَّتِى رَآهَا يُوسُفُ؟

(٥) كَمْ كَوْكَبًا رَأَى يُوسُفُ فِي الْمَنَامِ؟

(٦) لِأَيِّ غَرَضٍ ذَهَبَ يُوسُفُ إِلٰى أَبِيهِ يَعْقُوبُ؟

(٧) مَاذَا قَالَ أَبُوهُ فِى تَأْوِيلِ رُؤْيَاهُ؟

(٨) لِأَيِّ سَبَبٍ مَنَعَ يَعْقُوبُ يُوسُفَ عَنْ حِكَايَةِ الرُّؤْيَا لِإِخْوَتِهِ؟

(٩) احْكِ قِصَّةً صَغِيرَةً تَسُرُّ قُلُوبَ السَّامِعِيْنَ؟

(١٠) اُذْكُرْ مُتَعَلَّقَ حَرْفِ الْجَرِّ فِى قَوْلِهِ تَعَالٰى! "رَأَيْتُهُمْ لِى سَاجِدِيْنَ"

## شَرْحُ الْكَلِمَاتِ (٢)
## শব্দ বিশ্লেষণ

إِحْبَابًا - ভালোবাসা। اِشْتِدَادًا - তীব্র হওয়া। شَابٌّ - ব-ব- شُبَّانٌ - যুবক! شَدِيْدٌ - ব-ব- أَشِدَّاء - কঠিন, তীব্র। بُعْدًا (ك) (عَنْهُ) - দূরবর্তী হওয়া। بَعِيْدٌ - দূরবর্তী। قُرْبًا (ك) নিকটবর্তী হওয়া। قَرِيْبٌ - নিকবটর্তী। اَلْأَقَارِبُ - আপনজন বিচ্ছু তুল্য। خُلُوْصًا (ن) - খাঁটি হওয়া। كَالْعَقَارِبِ - مُوَافَقَةً - একমত হওয়া। مِثْلٌ - ব-ব- أَمْثَال - মত, অনুরূপ طَرْحًا (ف) - নিক্ষেপ করা। (عَلَيْهِ) - পেশ করা। যথা طَرَحْتُ عَلَى الْمُعَلِّمِ مَسْأَلَةً শিক্ষকের নিকট একটি মাসয়ালা পেশ করেছি। شَقِيْقٌ - সহোদর ভাই। اِسْتِحْقَاقًا। অধিকারী হওয়া। اِسْتِدْلَالًا - প্রমাণ পেশ করা

## حَسَدُ الْإِخْوَةِ

كَانَ يُوْسُفُ لَهُ أَخٌ آخَرُ مِنْ أُمِّهِ اسْمُهُ بِنْيَامِيْنُ وَكَانَ يَعْقُوْبُ يُحِبُّهُمَا حُبًّا شَدِيْدًا ـ وَكَانَ لَايُحِبُّ مِثْلَهُمَا أَحَدًا ـ

وَكَانَ الْإِخْوَةُ يَحْسُدُوْنَ يُوْسُفَ وَبِنْيَامِيْنَ وَيَغْضَبُوْنَ وَيَقُوْلُوْنَ: لِمَاذَا يُحِبُّ أَبُوْنَا يُوْسُفَ وَبِنْيَامِيْنَ أَكْثَرَ؟ وَلِمَاذَا يُحِبُّ أَبُوْنَا يُوْسُفَ وَبِنْيَامِيْنَ وَهُمَا صَغِيْرَانِ ضَعِيْفَانِ؟ لِمَاذَا لَايُحِبُّنَا مِثْلَ يُوْسُفَ وَبِنْيَامِيْنَ وَنَحْنُ شُبَّانٌ أَقْوِيَاءُ ؟ هٰذَا أَمْرٌ عَجِيْبٌ ـ

وَكَانَ يُوْسُفُ وَلَدًا صَغِيْرًا ـ فَحَكَى الرُّؤْيَا لِإِخْوَتِهِ وَغَضِبَ الْإِخْوَةُ جِدًّا لَمَّا سَمِعُوا الرُّؤْيَا وَاشْتَدَّ حَسَدُهُمْ ـ

وَاجْتَمَعَ الْإِخْوَةُ يَوْمًا وَقَالُوْا: اُقْتُلُوْا يُوْسُفَ أَوِاطْرَحُوْهُ أَرْضًا بَعِيْدَةً ـ حِيْنَئِذٍ يَكُوْنُ أَبُوْكُمْ لَكُمْ خَالِصًا وَيَكُوْنُ حُبُّهُ لَكُمْ خَالِصًا ـ قَالَ أَحَدُهُمْ : لَابَلْ أَلْقُوْهُ فِيْ بِئْرٍ فِيْ طَرِيْقٍ يَأْخُذُهُ بَعْضُ الْمُسَافِرِيْنَ ـ وَوَافَقَ عَلَيْهِ جَمِيْعُ الْإِخْوَةِ ـ

## ভাইদের হিংসা

বিনয়ামীন নামে ইউসুফ (আঃ) এর এক সহদর ভাই ছিল। ইয়া'কূব (আঃ)তাদের দুজনকে সবার চেয়ে বেশী ভালোবাসতেন। তাই ভায়েরা রাগ ও হিংসার বশীভূত হয়ে বলত, আব্বা ইউসুফ ও বিনয়ামীনকে এতো ভালোবাসেন কেন ? আমরা তরুণ ও শক্তিশালী যুবক হওয়া সত্ত্বেও দুর্বল ও ছোট বালক ইউসুফ ও বিনয়ামীনকে আব্বা বেশী ভালোবাসেন এ কেমন কথা? ইউসুফ (আঃ) ছোট হওয়ায় ভাইদের কাছে স্বপ্নের কথা প্রকাশ করে দিলেন। স্বপ্নটি শুনামাত্র ভায়েরা হিংসায় জ্বলে উঠল। তারা একদিন পরামর্শে বসে বলল, ইউসুফকে হত্যা করা হোক, কিংবা দূরবর্তী কোন স্থানে ফেলে আসা হোক। তাহলে তোমাদের প্রতি তোমাদের পিতা আন্তরিক হবেন এবং তাঁর ভালোবাসা তোমাদের জন্য নির্ভেজাল হবে। তখন তাদের একজন বলল, না, বরং তাকে রাস্তার পাশের কোন কূপে ফেলে আস। তাহলে কোন মুসাফির দল তাকে তুলে নিয়ে যাবে। ভায়েরা সকলে তার কথায় একমত পোষণ করল।

## إِعْرَابُ الْكَلَامِ
## বাক্য বিশ্লেষণ

(لِمَاذَا يُحِبُّ أَبُوْنَا يُوْسُفَ وَبِنْيَامِيْنَ وَهُمَا صَغِيْرَانِ ضَعِيْفَانِ)

(ل) হরফুল জর (ما) أى شئ অর্থে মুবতাদা, (ذا) খবর হয়েছে,

মুবতাদা ও খবর মিলে জুমলা হয়ে মাজরূর,জর-মাজরূর মিলে ফে'য়েলের সাথে অগ্রবর্তী মুতা'য়াল্লিক হয়েছে। (يُحِبُّ) ফে'য়েল (أَبُوْنَا) মুদাফ-মুদাফুন ইলাইহ মিলে ফা'য়েল (يُوْسُف) মাতুফুন 'আলাইহ (و) হরফুল 'আতফ (بِنْيَامِيْن) মা'তূফ, উভয় মিলে صاحب الحال (و) حالية

(هما) মুবতাদা, (صَغِيْرَانِ) প্রথম খবর (ضَعِيْفَانِ) দ্বিতীয় খবর। তারপর মুবতাদা ও উভয় খবর মিলে حال হয়েছে এবং হাল ও সাহেবুল হাল মিলে মাফ'উলুন বিহী হয়েছে। পরিশেষে ফে'য়েল, ফা'য়েল, মাফ'উলুন বিহী ও মুতা'য়াল্লিক মিলে جملة فعلية إنشائية হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ
## প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) هَلْ كَانَ لِيُوْسُفَ شَقِيْقٌ؟ وَمَا اسْمُهُ؟

(٢) لِأَيِّ سَبَبٍ كَانَ الْإِخْوَةُ يَحْسُدُوْنَ يُوْسُفَ وَبِنْيَامِيْنَ؟

(٣) مَاذَا كَانَ الْإِخْوَةُ يَقُوْلُوْنَ غَاضِبِيْنَ؟

(٤) بِمَ اسْتَدَلَّ الإِخْوَةُ أَنَّهُمْ يَسْتَحِقُّوْنَ حُبَّ وَالِدِهِمْ أَكْثَرَ مِنْ يُوْسُفَ وَبِنْيَامِيْنَ؟

(٥) كَيْفَ حَكٰى يُوْسُفُ الرُّؤْيَا لِإِخْوَتِهِ وَقَدْ مَنَعَهُ أَبُوْهُ؟

(٦) مَتٰى اشْتَدَّ حَسَدُ الْإِخْوَةِ؟

(٧) لِمَ أَرَادَ الْإِخْوَةُ أَنْ يَقْتُلُوْا يُوْسُفَ؟

(٨) اِجْتَمَعَ الْإِخْوَةُ وَمَاذَا قَالُوْا ؟

(٩) عَلَامَ وَافَقَ الْإِخْوَةُ؟

(١٠) أُذْكُرْ مَكَانَةَ الْإِعْرَابِ لِهَاتَيْنِ الْكَلِمَتَيْنِ "أَرْضًا بَعِيْدَةً "

## شَرْحُ الْكَلِمَاتِ (٣)
## শব্দ বিশ্লেষণ

شَرٌّ - آرَاءٌ অভিমত ب-ب- رَأْيٌ । وُفُوْدٌ - প্রতিনিধি দল ب-ب - وَفْدٌ ب-ب شُرُوْرٌ - অনিষ্ট, ক্ষতি । أَمْسِ - গতকল্য । غَدًا - আগামী কল্য । (ف) رَتْعًا হাসি খুশী করা । نُمُرٌ ب-ب نِمَارٌ - বাঘ । ذِئْبٌ ب-ب - ذِئَابٌ -নেকড়ে বাঘ । فَهْدٌ ب-ب فُهُوْدٌ - চিতা বাঘ । هُوَ أَنْوَمُ مِنْ فَهْدٍ -সে ঘুমের রাজা । (ن) غَفْلَةٌ (عَنْهُ) উদাসীন হওয়া । إِغْفَالًا - উদাসীন করা । اِتِّفَاقًا - একমত হওয়া । اَلْعَاقِلُ । عُقَلَاءُ ب-ب- عَاقِلٌ বুদ্ধিমান -(عَلَيْهِ) প্রতিজ্ঞা করা (ض) عَزْمًا - تَكْفِيْهِ الْإِشَارَةُ - বুদ্ধিমানের জন্য ইঙ্গিতই যথেষ্ট । طَوْعًا ইচ্ছায়, كُرْهًا - অনিচ্ছায় ।

## وَفْدٌ إِلٰى يَعْقُوْبَ

وَلَمَّا اتَّفَقُوا عَلٰى هٰذَا الرَّأْيِ جَاؤُوْا إِلٰى يَعْقُوْبَ ۔ وَكَانَ يَعْقُوْبُ يَخَافُ عَلٰى يُوْسُفَ كَثِيْرًا ، وَكَانَ يَعْرِفُ أَنَّ الإِخْوَةَ يَحْسُدُوْنَهُ وَلَايُحِبُّوْنَهُ وَكَانَ يَعْقُوْبُ لَايُرْسِلُ يُوْسُفَ مَعَ الإِخْوَةِ ۔ وَكَانَ يُوْسُفُ يَلْعَبُ مَعَ أَخِيْهِ وَلَا يَذْهَبُ بَعِيْدًا ۔ وَكَانَ الإِخْوَةُ يَعْرِفُوْنَ ذٰلِكَ وَلٰكِنَّهُمْ عَزَمُوْا عَلَى الشَّرِّ ۔ قَالُوْا : يَاأَبَانَا لِمَاذَالَاتُرْسِلُ مَعَنَا يُوْسُفَ ؟ مَاذَا تَخَافُ؟

هُوَ أَخُونَا الْعَزِيزُ، وَأَخُونَا الصَّغِيرُ، وَنَحْنُ أَبْنَاءُأَبٍ ،وَالْإِخْوَةُ دَائِمًا يَلْعَبُونَ جَمِيعًا فَلِمَاذَا لَانَذْهَبُ نَحْنُ وَنَلْعَبُ جَمِيعًا ؟ أَرْسِلْهُ مَعَنَا غَدًا يَرْتَعْ وَيَلْعَبْ وَإِنَّا لَهُ لَحَافِظُونَ وَكَانَ يَعْقُوبُ لَايُحِبُّ أَنْ يَبْعُدَ مِنْهُ يُوسُفَ ،

وَكَانَ يَعْقُوبُ شَيْخًا كَبِيرًا، وَكَانَ يَعْقُوبُ عَاقِلًا حَلِيمًا ـ وَكَانَ يَعْقُوبُ لَايُحِبُّ أَنَ يَبْعُدَ مِنْهُ يُوسُفَ ـ وَكَانَ يَخَافُ عَلٰى يُوسُفَ كَثِيرًا ـ فَقَالَ لِأَبْنَائِهِ : أَخَافُ أَنْ يَّأْكُلَهُ الذِّئْبُ وَأَنْتُمْ عَنْهُ غَافِلُونَ قَالُوا : أَبَدًا! كَيْفَ يَأْكُلُهُ الذِّئْبُ وَنَحْنُ حَاضِرُونَ؟ وَكَيْفَ يَأْكُلُهُ وَنَحْنُ شُبَّانٌ أَقْوِيَاءُ؟ وَأَذِنَ يَعْقُوبُ لِيُوسُفَ ـ

**ইয়াকূব (আঃ) -এর নিকট ছেলেদের আগমন**

ছেলেরা অসৎ উদ্দেশ্যে একমত হয়ে পিতা ইয়া'কূব (আঃ)-এর নিকট এল। ইয়া'কূব (আঃ) ইউসুফের ব্যাপারে খুব আশংকা বোধ করতেন। কেননা তিনি জানতেন ভায়েরা ইউসুফকে হিংসা করে, তারা তাকে ভালোবাসে না। ইয়া'কূব (আঃ) ইউসুফকে ভাইদে সাথে কোথাও যেতে দিতেন না। তিনি তার ভাই বিনয়ামীনের সাথে খেলতেন। দুরে যেতেন না। কিন্তু ভায়েরা এ সব কিছু জানা সত্ত্বেও কু-কর্মের প্রতিজ্ঞা করল। তারা বলল, আব্বাজান! আপনি ইউসুফকে আমাদের সাথে পাঠান না কেন? আপনি কিসের ভয় করেন? সেতো আমাদের আদরের ছোট ভাই। আর আমরা একই পিতার সন্তান। ভায়েরা সর্বদা এক সাথে খেলা ধূলা করে, তাহলে আমরা কেন এক সাথে খেলা-ধূলা করবো না? আপনি "আগামীকাল তাকে আমাদের সাথে পাঠান, সে আমাদের সাথে খেলা-ধূলা করবে ও ফলমুল খাবে। আমরা অবশ্যই তার দেখা-শুনা করবো।" কিন্তু ইয়া'কূব (আঃ) অত্যন্ত প্রবীণ, বুদ্ধিমান ও সহনশীলব্যক্তি ছিলেন। তিনি ইউসুফকে তাঁর থেকে দূরে পাঠাতে চাইতেন না। তিনি ইউসুফের ব্যাপারে খুব আশংকা করতেন। তাই ছেলেদেরকে বললেন, "আমার আশংকা হচ্ছে যে, তোমাদের অবহেলার সুযোগে নেকড়ে এসে তাকে খেয়ে ফেলবে। তারা বলল, অসম্ভব! আমাদের মতো শক্তিশালী যুবক উপস্থিত থাকতে নেকড়ে তাকে কিভাবে খাবে? অবশেষে (অনিচ্ছা সত্ত্বেও) ইয়া'কূব (আঃ) ইউসুফকে অনুমতি দিলেন।

# إِعْرَابُ الْكَلَامِ

## বাক্য বিশ্লেষণ

## (أَخَافُ أَنْ يَأْكُلَهُ الذِّئْبُ وَأَنْتُمْ عَنْهُ غَافِلُوْنَ)

(أَخَافُ) ফে'য়েল, তার মাঝে বিদ্যমান দমীর أَنَا ফা'য়েল, ( أن ) হরফুল মাছদার, (يَأْكُل) ফে'য়েল (ه) দমীর জুলহাল, (الذِّئْبُ) ফা'য়েল (واو) লিল্হাল, ( أنتم ) মুবতাদা (عَنْهُ) জর মাজরূর মিলে غَافِلُوْنَ শিবহুল ফে'য়েলে র সাথে মুতা'য়াল্লিক হয়েছে। (غَافِلُوْنَ) শিবহুল ফে'য়েল, তার মঝে বিদ্যমান দমীর أَنْتُمْ ফা'য়েল, অতঃপর শিবহুল ফে'য়েল, ফা'য়েল ও মুতা'য়াল্লিক মিলে শিবহুল জুমলা হয়ে খবর, মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়া হয়ে হাল হয়েছে। তারপর حال ও ذو الحال মিলে مفعول به হয়েছে। ফে'য়েল, ফা'য়েল ও মাফ'উলুন বিহী মিলে জুমলায়ে ফে'য়েলিয়া হয়ে أن দ্বারা মাছদার হয়ে পুনরায় مفعول به হয়েছে। পরিশেষে ফে'য়েল, ফা'য়েল ও মাফ'উলুন বিহী মিলে জুমলায়ে ফে'লিয়া খবরিয়া হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ

## প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) مَتٰى جَاءَ الْإِخْوَةُ إِلٰى يَعْقُوْبَ؟

(٢) مَاذَا طَلَبَ الْإِخْوَةُ مِنْ يَعْقُوْبَ؟

(٣) لِمَاذَا كَانَ يَعْقُوْبُ يَخَافُ عَلٰى يُوْسُفَ ؟

(٤) مَعَ مَنْ كَانَ يَلْعَبُ يُوْسُفُ؟

(٥) أَكَانَ يَلْعَبُ مَعَ شَقِيْقِهٖ بِنْيَامِيْن؟

(٦) مَاذَا أَجَابَ يَعْقُوْبُ لِأَوْلَادِهٖ

(٧) أَطَوْعًا أَذِنَ يَعْقُوْبُ لِأَوْلَادِهٖ أَمْ كُرْهًا ؟

(٨) مَاذَا قَالَ الأَبْنَاءُ لَمَّا أَظْهَرَ يَعْقُوْبُ خَوْفَهُ عَلٰى يُوْسُفَ؟

(٩) أَعْرِبْ قَوْلَ اللّٰهِ تَعَالٰى! "أَرْسِلْهُ مَعَنَا غَدًا يَرْتَعْ وَيَلْعَبْ"

(١٠) اِمْلَأِ الْفَرَاغَ بِكَلِمَاتٍ مُنَاسِبَةٍ؟

(الف) لَوْكَانَ يَعْقُوْبُ عَاقِلًا ... (ب) وَكَانَ يَعْقُوْبُ ... أَنْ يَبْعُدَ مِنْهُ..

## شَرْحُ الْكَلِمَاتِ (8)
## শব্দ বিশ্লেষণ

- زَهْرَبَرِّيٌّ - বনফুল। غَابَاتٌ ব-ব- غَابَةٌ - বন। غَابِيٌّ - বনজ। حَارِسُ الْغَابَةِ - বন রক্ষি। اَلسِّنَّوْرُ - বন বিড়াল। تَنَزَّهَ إِلَى الْغَابَةِ - বনভোজন করেছে। فَرَاغًا (ن) - অবসর হওয়া। إِفْرَاغًا - অবসর করা। صَبْغًا (ن) - রঙানো। دَمٌ ব-ব- دِمَاءٌ -রক্ত। عَمِيْقٌ গভীর। عُمْقٌ - গভীরতা। إِظْلَامًا - অন্ধকার হওয়া, مُظْلِمٌ - অন্ধকার। آيَةٌ - ব-ব - آيَاتٌ - চিহ্ন, নিদর্শন। تَصْدِيْقًا - সত্য মনে করা। تَكْذِيْبًا - মিথ্যা মনে করা। اَلصِّدْقُ يُنْجِىْ وَالْكِذْبُ يُهْلِكُ - সত্যের জয়, মিথ্যার লয়। مَلْأً (ف) পূর্ণ করা।إِمْتِلَاءً পূর্ণ হওয়া। مَلِيْئٌ পরিপূর্ণ।

## ٤-إِلَى الْغَايَةِ

وَفَرِحَ الْإِخْوَةُ كَثِيْرًا لَمَّا أَذِنَ يَعْقُوْبُ لِيُوْسُفَ ـ وَذَهَبُوْا إِلٰى غَابَةٍ وَأَلْقَوْا يُوْسُفَ فِىْ بِئْرٍ فِىْ الْغَابَةِ ـ وَلَمْ يَرْحَمُوْا يُوْسُفَ الصَّغِيْرَ ، وَلَمْ يَرْحَمُوْا يَعْقُوْبَ الشَّيْخَ الْكَبِيْرَ ـ وَكَانَ يُوْسُفُ وَلَدًا صَغِيْرًا ، وَكَانَ قَلْبُهُ صَغِيْرًا ـ وَكَانَتِ الْبِئْرُ عَمِيْقَةً ، وَكَانَتِ الْبِئْرُ مُظْلِمَةً ، وَكَانَ يُوْسُفُ وَحِيْدًا ـ وَلٰكِنَّ اللّٰهَ بَشَّرَ يُوْسُفَ وَقَالَ لَهُ : لَاتَحْزَنْ وَلَاتَخَفْ ـ إِنَّ اللّٰهَ مَعَكَ وَسَيَكُوْنُ لَكَ شَأْنٌ- سَيَحْضُرُ إِلَيْكَ الْإِخْوَةُ وَتُخْبِرُهُمْ بِمَا فَعَلُوْهُ ـ

وَلَمَّا فَرَغُوْا مِنْ شَأْنِهِمْ وَأَلْقَوْا يُوْسُفَ فِى الْبِئْرِ اِجْتَمَعُوْا وَقَالُوْا: مَاذَا نَقُوْلُ لِأَبِيْنَا ؟ قَالَ بَعْضُهُمْ : كَانَ أَبُوْنَا يَقُوْلُ : أَخَافُ أَنْ يَّأْكُلَهُ الذِّئْبُ ـ فَنَقُوْلُ صَدَقْتَ يَاأَبَانَا قَدْ أَكَلَهُ الذِّئْبُ ـ وَافَقَ الْإِخْوَةُ عَلٰى ذٰلِكَ ، وَقَالُوْا نَعَمْ! نَقُوْلُ : يَاأَبَانَا قَدْ أَكَلَهُ الذِّئْبُ ـ قَالَ بَعْضُ الْإِخْوَانِ : وَلٰكِنْ مَا آيَةُ ذٰلِكَ؟ قَالُوْا: آيَةُ ذٰلِكَ الدَّمُ ـ وَأَخَذَ الْإِخْوَةُ كَبْشًا وَذَبَحُوْهُ وَأَخَذُوْا قَمِيْصَ يُوْسُفَ وَصَبَغُوْهُ ـ وَفَرِحَ الْإِخْوَةُ جِدًّا وَقَالُوْا : أَلْآنَ يُصَدِّقُ أَبُوْنَا ـ

## বনে যাত্রা

ইয়া'কূব (আঃ) এর অনুমতি পেয়ে ভায়েরা অত্যন্ত আনন্দিত হল। তারা বনে গিয়ে ইউসুফ (আঃ) কে এক কূপে ফেলে দিল। বালক ইউসুফের প্রতি তাদের একটু মায়াও হল না। বৃদ্ধ বাবা ইয়াকূবের (আঃ) প্রতি তাদের একটু দয়াও হল না। ইউসুফ (আঃ) ছোট বালক ছিলেন। তাই তাঁর অন্তরও ছিল খুব ছোট। কিন্তু তিনি গভীর ও অন্ধকার কূপে নিঃসঙ্গ পড়ে ছিলেন।

তখন আল্লাহ্ তা'আলা ইউসুফ (আঃ) কে সুসংবাদ জানিয়ে বললেন, তুমি ভীত হয়োনা, দুঃখিত হয়োনা, আল্লাহ্ তোমার সাথেই আছেন। তোমার উজ্জ্বল ভবিষ্যৎ রয়েছে। অচিরেই তোমার ভায়েরা তোমার কাছে আসবে এবং তুমি তাদের কৃতকর্ম সম্পর্কে তাদেরকে অবহিত করবে। ইউসুফকে কূপে ফেলে নিজেদের কু-মতলব পূরণ করার পর ভায়েরা সমবেত হয়ে বলল, আমরা আব্বার কাছে গিয়ে কী বলবো?

কেউ কেউ বলল, আব্বা প্রায় বলতেন, তাকে নেকড়ে খেয়ে ফেলবে। সুতরাং আমরা বলবো, আব্বা আপনার কথাই সত্য হয়েছে। তাকে নেকড়ে খেয়ে ফেলেছে। ভায়েরা সকলে তার কথায় একমত হয়ে বলল, হ্যাঁ তাই করা হোক। তাদের কেউ বলল, কিন্তু এর প্রমাণ কি হবে? একজন উত্তর দিল, রক্তই তার প্রমাণ। অতঃপর তারা একটি দুম্বা ধরে এনে জবাই করল এবং ইউসুফের জামা নিয়ে রক্তে মাখল। তখন তারা ভীষণ আনন্দিত হয়ে বলল, এখন আব্বা অবশ্যই আমাদের কথা বিশ্বাস করবেন।

## إِعْرَابُ الْكَلَامِ

## বাক্য বিশ্লেষণ

(سَيَحْضُرُ إِلَيْكَ الْإِخْوَةُ وَتُخْبِرُهُمْ بِمَا فَعَلُوْهُ)

(س) حرف التنفيس (يَحْضُرُ) ফে'য়েল, (إِلَيْكَ) জর-মাজরূর মিলে ফে'য়েলের সাথে মুতা'য়াল্লিক,(الإِخْوَةُ) ফা'য়েল, তার পর ফে'য়েল, ফা'য়েল ও মুতা'য়াল্লিক মিলে জুমলায়ে ফে'লিয়া হয়ে معطوف عليه (واو) হরফুল 'আত্‌ফ (تُخْبِرُ) ফে'য়েল, তার মাঝে বিদ্যমান দমীর أنت ফা'য়েল, (هُمْ) মাফ'উলুন বিহী, (بِ) অতিরিক্ত অব্যয়, (ما) ইসমুল মাওছূল, ( فَعَلَ )ফে'য়েল (الواو)

ফা'য়েল (ہ) মাফ'উলুন বিহী। অতঃপর সবগুলো মিলে জুমলায়ে ফে'লিয়া হয়ে ছিলা, ইসমুল মাওছল ও ছিলা মিলে দ্বিতীয় মাফ'উলুন বিহী। অতঃপর সবগুলো মিলে জুমলায়ে ফেলিয়া হয়ে معطوف হয়েছে। পরিশেষে মা'তুফ ও মা'তুফুন 'আলাইহ মিলে جملة عاطفة হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ

### প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) مَتَى فَرِحَ الْإِخْوَةُ؟

(٢) إِلَى أَيْنَ ذَهَبَ الْإِخْوَةُ بِيُوسُفَ؟

(٣) هَلْ عَادُوا بِيُوسُفَ إِلَى الْبَيْتِ؟

(٤) أَيْنَ أَلْقَى الْإِخْوَةُ يُوسُفَ؟

(٥) كَيْفَ كَانَتِ الْبِئْرُ الَّتِي أُلْقِيَ فِيهَا يُوسُفُ؟

(٦) مَاذَا تَشَاوَرَ الإِخْوَةُ لَمَّا فَرَغُوا مِنْ شَأْنِهِمْ؟

(٧) لِمَ ذَبَحَ الْإِخْوَةُ الْكَبْشَ؟

(٨) أَلِيَأْكُلُوا لَحْمَهُ وَيَبِيعُوا جِلْدَهُ ذَبَحُوهُ؟

(٩) لِمَاذَا صَبَغُوا قَمِيصَ يُوسُفَ فِي الدَّمِ؟

(١٠) أَلِيُصَدِّقَ أَبُوهُمْ قَوْلَهُمْ صَبَغُوهُ ؟

## شَرْحُ الْكَلِمَاتِ (৫)

### শব্দ বিশ্লেষণ

عَشَاءٌ - রাতের প্রথম প্রহর। مَتَاعٌ ব-ব- أَمْتِعَةٌ - আসবাব পত্র। جَرْحًا (ف) - আহত করা। جَرِيحٌ / مَجْرُوحٌ - আহত হওয়া। (س) – আহত। قَلْبٌ جَرِيحٌ - আহত হৃদয়। لَاتَطْرَحِ الْمِلْحَ عَلَى الْجَرْحِ - কাটা ঘায়ে লবণের ছিটা দেওয়া। اِسْتِبَاقًا-দৌড় প্রতিযোগিতা করা। قَمِيصٌ ব-ব- أَقْمِصَةٌ - জামা। مَصْبُوغٌ فِي الدَّمِ - রক্তে রঞ্জিত। شَقًّا (ن)- ছিঁড়ে ফেলা, مَشْقُوقٌ -ছেঁড়া। اِنْشِقَاقًا - ছিঁড়ে যাওয়া।

فِرَاقٌ বিচ্ছেদ صَيْحًا (ض) চীৎকার করা। إِيضَاحًا - স্পষ্ট করা। صِلَةٌ সম্পর্ক।

## أَمَامَ يَعْقُوبَ

وَجَاؤُوا أَبَاهُمْ عِشَاءً يَبْكُونَ ـ "قَالُوا يَاأَبَانَا إِنَّا ذَهَبْنَا نَسْتَبِقُ وَتَرَكْنَا يُوسُفَ عِنْدَ مَتَاعِنَا فَأَكَلَهُ الذِّئْبُ" وَجَاؤُوا عَلَى قَمِيصِهِ بِدَمٍ كَذِبٍ وَقَالُوا هٰذَا دَمُ يُوسُفَ! وَكَانَ أَبُوهُمْ

يَعْقُوْبُ نَبِيًّا وَكَانَ شَيْخًا كَبِيْرًا ـ وَكَانَ أَعْقَلَ مِنْ أَوْلَادِهِ ـ وَكَانَ يَعْقُوْبُ يَعْرِفُ أَنَّ الذِّئْبَ إِذَا أَكَلَ إِنْسَانًا جَرَحَهُ وَشَقَّ قَمِيْصَهُ ـ وَكَانَ قَمِيْصُ يُوْسُفَ سَالِمًا وَكَانَ مَصْبُوْغًا فِي الدَّمِ ـ فَعَرَفَ أَنَّهُ دَمٌ كَذِبٌ وَأَنَّ قِصَّةَ الذِّئْبِ قِصَّةٌ مَوْضُوْعَةٌ ـ فَقَالَ لِأَوْلَادِهِ ـ بَلْ هٰذِهِ قِصَّةٌ وَضَعْتُمُوْهَا فَصَبْرٌ جَمِيْلٌ وَحَزِنَ يَعْقُوْبُ عَلٰي يُوْسُفَ حُزْنًا شَدِيْدًا وَلٰكِنَّهُ صَبَرَ صَبْرًا جَمِيْلًا ـ

## ইয়া'কূব (আঃ) এর নিকট ছেলেদের আগমন

রাত্রি বেলা ছেলেরা কেঁদে কেঁদে পিতার কাছে এসে বলল, আব্বাজান! আমরা ইউসুফকে আমাদের আসবাব পত্রের কাছে রেখে দৌড় প্রতিযোগিতায় গিয়েছিলাম। ইত্যবসরে নেকড়ে এসে তাকে খেয়ে ফেলেছে। তারা ইউসুফের জামায় কৃত্রিম রক্ত মেখে জামাটি এনে বলল, এটা ইউসুফের রক্ত। কিন্তু ইয়া'কূব (আঃ) অনেক প্রবীন ও ছেলেদের চেয়ে অধিক জ্ঞানী ছিলেন। তিনি জানতেন, নেকড়ে যখন কোন মানুষকে খায় তখন তাকে যখম করে ও তার জামা-কাপড় টুকরা টুকরা করে ফেলে। কিন্তু ইউসূফ (আঃ)-এর জামা অক্ষত ও রক্তে রঞ্জিত ছিল। ফলে তিনি বুঝতে পারলেন যে, এটা কৃত্রিম রক্ত এবং নেকেড়ের কাহিনী তাদের পক্ষ থেকে সাজানো কাহিনী । তাই তিনি ছেলেদেরকে বললেন, (আমি বিশ্বাস করি না।) বরং এটা তোমাদের সাজানো গল্প। এখন ধৈর্য ধারণ করাই আমার জন্য উত্তম। ইয়া'কূব (আঃ) ইউসুফের জন্য খুব দুঃখিত হলেন, কিন্তু তিনি উত্তম ধৈর্য ধারণ করলেন।

## إِعْرَابُ الْكَلَامِ
## বাক্য বিশ্লেষণ

(وَجَاءُوا أَبَاهُمْ عِشَاءً يَبْكُوْنَ)

(الواو) استئنافية (جَاء) ফে'য়েল, (الواو) صاحب الحال (أَبَاهُمْ) মুদাফ ও মুদাফুন ইলাইহ মিলে মাফ'উলুন বিহী, (عِشَاءً) মাফ'উলুন ফীহি, (يَبْكُوْنَ) -জুমলায়ে ফে'লিয়া হয়ে حال হয়েছে। অতঃপর হাল ও যুল হাল মিলে ফা'য়েল, অবশেষে ফে'য়েল, ফা'য়েল, মাফ'উলুন বিহী ও মাফ'উলুন ফীহি মিলে জুমলায়ে ফে'লিয়া হয়েছে।

(وَحَزِنَ يَعْقُوْبُ عَلٰى يُوْسُفَ حُزْنًا شَدِيْدًا)

(حَزِنَ) ফে'য়েল, (يَعْقُوْبُ) ফা'য়েল, (عَلٰي يُوْسُفَ) জর-মাজরূর মিলে

ফে'য়েলের সাথে মুতা'য়াল্লিক হয়েছে (حُزْنًا) মাওছূফ (شَدِيدًا) ছিফাত, অতঃপর مركب توصيفي হয়ে مفعول مطلق হয়েছে। পরিশেষে ফে'য়েল, ফা'য়েল, মুতা'য়াল্লিক ও মাফউলে মুতলাক মিলে জুমলায়ে ফে'লিয়া হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ

### প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) مَتٰى جَاءَ الْإِخْوَةُ أَبَاهُمْ؟

(٢) أَعِشَاءً جَاءُوهُ؟

(٣) عَلٰى أَيِّ حَالٍ جَاءُوا أَبَاهُمْ؟

(٤) أَ ضَاحِكِيْنَ جَاءُوهُ أَمْ بَاكِيْنَ؟

(٥) كَيْفَ عَرَفَ يَعْقُوْبُ أَنَّ قِصَّةَ الذِّئْبِ قِصَّةٌ مَوْضُوعَةٌ؟

(٧) كَمْ حَزِنَ يَعْقُوْبُ عَلٰى يُوْسُفَ؟

(٨) هَلْ صَاحَ يَعْقُوْبُ عَلٰى فِرَاقِ يُوْسُفَ؟

(٩) أَعْرِبْ قَوْلَ اللّٰهِ تَعَالٰى " فَصَبْرٌ جَمِيْلٌ "

(١٠) أَوْضِحِ الرَّبْطَ لِجُمْلَةِ "وَضَعْتُمُوهَا" بِمَا قَبْلَهَا .

## شَرْحُ الْكَلِمَاتِ (٦)

نَوْمٌ। (س) نَوْمًا ঘুমানো। تَنْوِيْمًا - ঘুম পাড়ানো। نُؤُوْمٌ - ঘুম কাতুরে। عَمِيْقٌ - গভীর ঘুম। فِرَاشٌ -ব-ব- أَفْرِشَةٌ - বিছানা। (ن) فِرَاشًا - বিছানো। (س) نِسْيَانًا - ভুলে যাওয়া। نَسِيْتُ الْقَلَمَ فِي الْبَيْتِ - কলমটি ভুলে বাড়িতে রেখে এসেছি। اِسْتِحَاشًا। (اَلْمَكَانُ) اِيْحَاشًا - বিজন হওয়া। مُوْحِشٌ - বিজন। - অনন্তরঙ্গতা বোধ করা। وَحْشَةٌ - অনন্তরঙ্গতা। وَحْشِيٌّ - হিংস্র, বন্য। اِسْتِينَاسًا - অন্তরঙ্গতা বোধ করা। أُنْس অন্তরঙ্গতা।

## يُوْسُفُ فِي الْبِئْرِ

وَرَجَعَ الْإِخْوَةُ إِلَى الْبَيْتِ ـ وَتَرَكُوا يُوْسُفَ فِي الْبِئْرِ وَأَكَلَ الْإِخْوَةُ الطَّعَامَ وَنَامُوا عَلَى الْفِرَاشِ ـ وَيُوْسُفُ فِي الْبِئْرِ وَلَا فِرَاشَ وَلَاطَعَامَ ، وَنَسِيَ الْإِخْوَانُ يُوْسُفَ وَنَامُوا ـ وَمَا نَامَ يُوْسُفُ

وَمَا نَسِيَ أَحَدًا وَبَقِيَ يَعْقُوبُ يَذْكُرُ يُوسُفَ ، وَبَقِيَ يُوسُفُ يَذْكُرُ يَعْقُوبَ ـ وَكَانَ يُوسُفُ فِي الْبِئْرِ ، وَكَانَتِ الْبِئْرُ عَمِيقَةً وَكَانَتِ الْبِئْرُ فِي الْغَابَةِ ، وَكَانَتِ الْغَابَةُ مُوحِشَةً وَكَانَ ذٰلِكَ فِي اللَّيْلِ وَكَانَ اللَّيْلُ مُظْلِمًا ـ

## ইউসুফ কূপে

ইউসুফ কে কূপে ফেলে ভাইয়েরা বাড়ি ফিরে এল এবং খাওয়া -দাওয়া করে নিশ্চিন্তে ঘুমিয়ে পড়ল। কিন্তু ইউসুফ অন্ন-বস্ত্রহীন অবস্থায় কূপে পড়ে রইলেন। ভায়েরা ইউসুফকে ভুলে ঘুমিয়ে রইল, কিন্তু ইউসুফ ঘুমালেননা এবং কাউকে ভুললেন না। ইয়া'কূব (আঃ) ইউসুফকে এবং ইউসুফ ইয়া'কূবকে স্মরণ করতে লাগলেন। ইউসুফ কূপে ছিল এবং কূপটি ছিল গভীর। আর কূপটি ছিল বনে এবং বনটি ছিল বিজন। ঘটনাটি রাত্রে ঘটেছিল এবং রাতটি ছিল অন্ধকার।

## إِعْرَابُ الْكَلَامِ

## বাক্য বিশ্লেষণ

(بَقِيَ يَعْقُوبُ يَذْكُرُ يُوسُفَ)

(بَقِيَ) فعل الشروع - (يَعْقُوبُ) তার ইসম, (يَذْكُرُ) ফে'য়েল, তার মাঝে বিদ্যমান দমীর هو ফা'য়েল, (يُوسُفَ) মাফ'উলুন বিহী, ফে'য়েল ফা'য়েল ও মাফ'উলুন বিহী মিলে জুমলায়ে ফে'লিয়া হয়ে খবর, পরিশেষে ফে'য়েলে শুরু তার ইসম ও খবরকে নিয়ে جملة فعلية خبرية হয়েছে।

(وَلَا فِرَاشَ فِي الْبِئْرِ)

(لا) النافية للجنس (فِرَاش) তার ইসম, (فِي) হরফুল জর, (الْبِئْرِ) মাজরূর, জর-মাজরূর মিলে مَوْجُودٌ শিবহুল ফে'য়েলের সাথে মুতা'য়াল্লিক হয়ে খবর, পরিশেষে لا النافية للجنس তার ইসম ও খবরকে নিয়ে جملة اسمية হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ

## প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) هَلْ رَجَعَ الْإِخْوَةُ إِلَى الْبَيْتِ بِيُوسُفَ؟

(٢) أَيْنَ تَرَكُوا يُوسُفَ؟

(٣) مَاذَا فَعَلَ الْإِخْوَةُ فِي الْبَيْتِ؟

(٤) هَلْ أَكَلَ يُوسُفُ الطَّعَامَ وَنَامَ عَلَى الْفِرَاشِ؟

(٥) هَلْ نَسِيَ يُوسُفُ إِخْوَتَهُ كَمَا نَسُوهُ؟

(٦) كَيْفَ كَانَتِ الْبِئْرُ وَكَيْفَ كَانَتِ الْغَابَةُ؟

(٧) أَكَانَتِ الْبِئْرُ عَمِيقَةً؟

(٨) أَكَانَتِ الْغَابَةُ مُوحِشَةً؟

(٩) هَلْ نَسِيَ يَعْقُوبُ يُوسُفَ؟

(١٠) هَلْ نَسِيَ يُوسُفُ يَعْقُوبَ؟

## شَرْحُ الْكَلِمَاتِ (٩)

### শব্দ বিশ্লেষণ

- ف) بَحْثًا । দল - جَمَاعَاتٌ ব-ব- جَمَاعَةٌ । প্রাসাদ - قُصُورٌ ব-ব - قَصْرٌ
(عَنْهُ - তালাশ করা । (اَلدَّلْوُ)- إِدْلَاء । বালতি - دِلَاءٌ ব-ব- دَلْوٌ । বালতি ফেলা
ভারী - تَثْقِيلًا । ভারী হওয়া - (ك) ثِقَالَةً । ভারী- ثَقِيلٌ । টানা - (ف) نَزْعًا
করা । خَفِيفٌ - হালকা । خِفَّةً (ض) - হালকা হওয়া । نِدَاءٌ - ডাকা । دِرْهَمٌ - ব-ব
দেরহাম । إِخْفَاء - গোপন করা । خَفِيَةً (عَلَيْهِ-س)- গোপন হওয়া । دَرَاهِم -
ব্যবহার لَايَخْفَى عَلَى اللّٰهِ شَيْئٌ - আল্লাহর নিকট কিছু গোপনীয় নয় । (ن) عَدًّا
গণনা করা । مَعْدُودٌ - গণিত । إِكْرَامًا - সম্মানিত করা । إِهَانَةٌ - অপমানিত
করা । اِرْحَمِ الصَّغِيرَ وَأَكْرِمِ الْكَبِيرَ - ছোটকে স্নেহ করো এবং বড়কে সম্মান
করো ।

## مِنَ الْبِئْرِ إِلَى الْقَصْرِ

وَكَانَتْ جَمَاعَةٌ تُسَافِرُ فِيْ هٰذِهِ الْغَابَةِ ۔ وَعَطِشُوا فِي الطَّرِيقِ وَبَحَثُوا عَنْ بِئْرٍ ۔ وَرَأَوا بِئْرًا فَأَرْسَلُوا إِلَيْهَا رَجُلًا لِيَأْتِيَ لَهُمْ بِالْمَاءِ ۔ جَاءَ الرَّجُلُ إِلَى الْبِئْرِ وَأَدْلٰى دَلْوَهُ ۔ وَنَزَعَ الدَّلْوَ فَإِذَا الدَّلْوُ ثَقِيلَةٌ؟ وَأَخْرَجَهَا فَإِذَا فِى الدَّلْوِ غُلَامٌ ! دَهِشَ الرَّجُلُ وَنَادٰى (يٰبُشْرٰى هٰذَا غُلَامٌ)

وَفَرِحَ النَّاسُ جِدًّا وَأَخْفَوْهُ ۔ وَوَصَلُوا إِلَى مِصْرَ ۔ وَقَامُوا فِيْ

السُّوقِ وَنَادُوا : مَنْ يَشْتَرِي هٰذَا الْغُلَامَ؟ مَنْ يَشْتَرِي هٰذَا الْغُلَامَ؟ إِشْتَرٰى الْعَزِيْزُ يُوسُفَ بِدَرَاهِمَ مَعْدُوْدَةٍ ـ وَبَاعَهُ التُّجَّارُ وَمَا عَرَفُوا يُوسُفَ ـ وَذَهَبَ بِهِ الْعَزِيْزُ إِلٰى قَصْرِهِ وَقَالَ لِامْرَأَتِهِ ـ أَكْرِمِيْ يُوسُفَ إِنَّهُ وَلَدٌ رَشِيْدٌ ـ

## কূপ থেকে রাজ প্রাসাদে

সেই বন দিয়ে এক বণিক দল যাচ্ছিল। পথিমধ্যে তারা খুব পিপাসার্ত হয়ে কূপ তালাশ করতেছিল। অবশেষে কূপের সন্ধান পেয়ে পানি আনার জন্য সেখানে একজন লোক পাঠাল। লোকটি এসে কূপে বালতি ফেলল। বালতি টানার সময় ভার অনুভব করল এবং বালতি ওঠানোর পর সেখানে একটি সুন্দর ফুটফুটে বালক দেখতে পেল। তখন লোকটি হতভম্ব হয়ে চীৎকার করে বলল, কী আনন্দ! এই দেখ কী সুন্দর বালক! কাফেলার লোকেরাও খুব আনন্দিত হল এবং বালকটিকে লুকিয়ে রাখল। মিসরে পৌছার পর তারা বাজারে দাঁড়িয়ে ঘোষণা করতে লাগল, এই বালক কে খরিদ করবে? এই বালক কে খরিদ করবে? মিসর অধিপতি সামান্য কয়েক টাকায় ইউসুফকে খরিদ করে নিল। ব্যবসায়ীরা তাকে না চিনতে পেরে বিক্রি করে দিয়েছিল।

মিসর অধিপতি ইউসুফকে নিয়ে প্রাসাদে চলে গেলেন এবং তার পত্নীকে বললেন, ইউসুফের যত্ন নিবে, কারণ সে সুবোধ ছেলে।

## إِعْرَابُ الْكَلَامِ

## বাক্য বিশ্লেষণ

(فَإِذَا الدَّلْوُ ثَقِيْلَةٌ)

(ف) استئنافية কিংবা زائدة (إذَا) الفجائية (الدَّلْوُ) মুবতাদা, (ثَقِيلَة) খবর, পরিশেষে মুবতাদা ও খবর মিলে جملة اسمية হয়েছে।

(يَابُشْرٰى هٰذَا غُلَامٌ) মুলত ছিল, يَابُشْرٰى احْضِرِيْ فَهٰذَا وَقْتُكَ (يَابُشْرٰى) (يا) حرف النداء (بُشْرٰى) منادى তারপর উভয়ে মিলে جملة النداء হয়েছে। (احْضِرِيْ) ফে'য়েল-ফা'য়েল মিলে জুমলা হয়ে جواب النداء হয়েছে। (ف) السببية (هذا) মুবতাদা (وَقْتُك) মুদাফ ও মুদাফুন ইলাইহ মিলে খবর, অতঃপর উভয়ে মিলে جملة اسمية হয়েছে। (هٰذَا) মুবতাদা (غُلَام) খবর, উভয় মিলে জুমলা হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ

## প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) عَمَّ بَحَثَ الْمُسَافِرُونَ؟

(٢) لأَيِّ غَرَضٍ بَحَثَ الْمُسَافِرُونَ عَنْ بِئْرٍ؟

(٣) كَمْ رَجُلًا ذَهَبَ إِلَى الْبِئْرِ؟

(٤) لِمَاذَا أَرْسَلُوا الرَّجُلَ إِلَى الْبِئْرِ؟

(٥) مَاذَا حَدَثَ لَمَّا أَخْرَجَ الرَّجُلُ دَلْوَهُ؟

(٦) دَهِشَ الرَّجُلُ وَمَاذَا فَعَلَ؟

(٧) مَنِ اشْتَرٰى يُوسُفَ وَبِكَمِ اشْتَرٰى؟

(٨) إِلٰى أَيْنَ ذَهَبَ الْعَزِيزُ بِيُوسُفَ؟

(٩) مَاذَا قَالَ الْعَزِيزُ لِامْرَأَتِهِ؟

(١٠) أَيْنَ يَعُودُ الضَّمِيرُ الْمَجْرُورُ فِي قَوْلِهِ "فَأَرْسَلُوا إِلَيْهَا"

## شَرْحُ الْكَلِمَاتِ (৮)

## শব্দ বিশ্লেষণ

وَفَاءٌ (ض) بِالْعَهْدِ - পূর্ণ করা وَفِيٌّ - صَدِيقٌ - বিশ্বস্ত বন্ধু। أَمَانَةٌ (ك) বিশ্বস্ত হওয়া। أَمِينٌ ব-ব- أُمَنَاءُ - বিশ্বস্ত। خِيَانَةٌ (ن) - খেয়ানত করা। خَائِنٌ - অবিশ্বস্ত। إِبَاءٌ (ف) - অস্বীকার করা। كَلَّا - কখনও না। إِحْسَانًا (إِلَيْهِ) - অনুগ্রহ করা, ব্যবহার- أَحْسِنْ كَمَا أَحْسَنَ اللّٰهُ إِلَيْكَ - মানুষের প্রতি অনুগ্রহ কর, যেমন আল্লাহ তোমার প্রতি অনুগ্রহ করেছেন। شِكَايَةٌ (ن) إِلَيْهِ - অভিযোগ করা। جَمَالٌ - সৌন্দর্য। مُرَاوَدَةٌ (عَلَيْهِ) ফুসলানো। خَطَأٌ (س) - পাপ করা। خَاطِئٌ - পাপী। كَرِيمٌ ব-ব- كِرَامٌ - সম্মানিত। بَرِيءٌ ব-ব- بَرِيئُونَ - নির্দোষ। مُجْرِمٌ - দোষী। تَخْوِيفًا - ভয় দেখানো।

## اَلْوَفَاءُ وَالْأَمَانَةُ

وَرَاوَدَتِ امْرَأَةُ الْعَزِيزِ يُوسُفَ عَلَى الْخِيَانَةِ ، وَلٰكِنَّ يُوسُفَ أَبٰى وَقَالَ : كَلَّا! أَنَا لَا أَخُونُ سَيِّدِي إِنَّهُ أَحْسَنَ إِلَيَّ وَأَكْرَمَنِي ـ إِنِّي أَخَافُ اللّٰهَ ـ وَغَضِبَتِ امْرَأَةُ الْعَزِيزِ وَشَكَتْ إِلٰى زَوْجِهَا ـ

وَعَرَفَ الْعَزِيْزُ أَنَّ الْمَرْأَةَ كَاذِبَةٌ وَعَرَفَ أَنَّ يُوْسُفَ أَمِيْنٌ ـ

فَقَالَ لِزَوْجِهِ : إِنَّكَ كُنْتِ مِنَ الْخٰطِئِيْنَ وَعَرَفَ يُوْسُفُ فِى مِصْرَ بِجَمَالِهِ ـ وَإِذَا رَآهُ أَحَدٌ قَالَ مَا هٰذَا بَشَرًا إِنْ هٰذَا إِلَّا مَلَكٌ كَرِيْمٌ وَاشْتَدَّ غَضَبُ الْمَرْأَةِ وَقَالَتْ لِيُوْسُفَ : إِذَنْ تَذْهَبُ إِلَى السِّجْنِ! قَالَ يُوْسُفُ ("السِّجْنُ أَحَبُّ إِلَيَّ!)

وَبَعْدَ أَيَّامٍ رَأَى الْعَزِيْزُ أَنْ يُرْسِلَ يُوْسُفَ إِلَى السِّجْنِ ـ وَكَانَ الْعَزِيْزُ يَعْرِفُ أَنَّ يُوْسُفَ بَرِئٌ ـ وَدَخَلَ يُوْسُفُ السِّجْنَ ـ

## প্রতিশ্রুতি রক্ষা ও বিশ্বস্ততা

'আযীয পত্নী ইউসুফকে (আঃ) ফুসলাতে লাগল। কিন্তু ইউসুফ (আঃ) (দৃঢ়তার সাথে) অস্বীকার করে বললেন, না, আমি আমার মনিবের সঙ্গে বিশ্বাস ঘাতকতা করতে পারব না। তিনি আমার প্রতি অনুগ্রহ করে আমাকে সম্মানিত করেছেন। আমি আল্লাহ্‌কে ভয় করি। তখন 'আযীয পত্নী ক্রুদ্ধ হয়ে স্বামীর কাছে তাঁর বিরুদ্ধে নালিশ করল। 'আযীয বুঝতে পারলেন যে, তাঁর স্ত্রী মিথ্যাবাদী। তাই তিনি স্ত্রীকে বললেন, "নিশ্চয় তুমি অপরাধ করেছো।"

ইউসুফ (আঃ) তাঁর অপূর্ব সৌন্দর্যের কারণে মিসরের সর্বত্র পরিচিতি লাভ করেন। কেউ তাকে দেখলে বিমুগ্ধ হয়ে বলত, ইনিতো মানুষ নন, ইনি মহিমান্বিত ফিরিশ্‌তা ছাড়া আর কিছু না। 'আযীয পত্নীর ক্রোধ চরম আকার ধারণ করল। ফলে সে ইউসুফকে হুমকি দিয়ে বলল, তাহলে তোমাকে কারাগারে পাঠিয়ে ছাড়বো। ইউসুফ (আঃ) প্রতি উত্তরে বললেন, "কারাগার আমার নিকট অধিক প্রিয়। কিছু দিন পর মিসর অধিপতি ইউসুফকে কারাগারে পাঠানো সমীচীন মনে করলেন। অবশ্য তিনি জানতেন, ইউসুফ নির্দোষ। অবশেষে ইউসুফ কারাগারে গেলেন।

## إِعْرَابُ الْكَلَامِ

## বাক্য বিশ্লেষণ

(إِنْ هٰذَا إِلَّا مَلَكٌ كَرِيْمٌ)

(إِنْ) حرف النفى (لَيْسَ) এর মত আমল করে (هٰذَا) তার ইসম (شَيْئٌ) مستثنى منه محذوف (إِلَّا) حرف استثناء (مَلَكٌ) মাওছূফ (كَرِيْمٌ) ছিফাত, অতঃপর মওছূফ ও ছিফাত মিলে مركب توصيفى হয়ে مستثنى হয়েছে। তারপর মুস্তাছনা ও মুস্তাছনা মিনহু মিলে খবর হয়েছে। পরিশেষে إن النافية তার ইসম ও খবরকে নিয়ে জুমালায়ে ইসমিয়া হয়েছে।

(إِذَنْ تَذْهَبَ إِلَى السِّجْنِ)

أَنتَ (تَذْهَبَ) ফে'য়েল, তার মাঝে বিদ্যমান দমীর (إِذَنْ) حرف جواب ونصب ফা'য়েল, (إِلَى) হরফুল জর (السِّجْنِ) মাজরূর, জার ও মাজরূর মিলে ফে'য়েলের সাথে মুতা'য়াল্লিক হয়েছে। পরিশেষে ফে'য়েল ফা'য়েল ও মুতা'য়াল্লিক মিলে جملة فعلية হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ

## প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) مَنْ رَاوَدَتْ يُوسُفَ عَلَى الْخِيَانَةِ؟

(٢) عَلَامَ رَاوَدَتْ اِمْرَأَةُ الْعَزِيزِ يُوسُفَ؟

(٣) مَاذَا فَعَلَ يُوسُفُ حِينَ رَاوَدَتْهُ الْمَرْأَةُ؟

(٤) مَاذَا فَعَلَتِ الْمَرْأَةُ لَمَّا أَنْكَرَ يُوسُفُ طَلَبَهَا؟

(٥) هَلْ صَدَّقَ الْعَزِيزُ زَوْجَتَهُ؟

(٦) مَاذَا قَالَ الْعَزِيزُ لِزَوْجَتِهِ؟

(٧) بِمَ عُرِفَ يُوسُفُ فِي مِصْرَ؟

(٨) مَاذَا كَانَ النَّاسُ يَقُولُونَ إِذَا رَأَوْهُ؟

(٩) بِمَ خَوَّفَتِ الْمَرْأَةُ يُوسُفَ؟

(١٠) أَخَافَ يُوسُفُ السِّجْنَ؟

(١١) هَلْ أَطَاعَ يُوسُفُ الْمَرْأَةَ لِيَنْجُوَ مِنَ السِّجْنِ؟

(١٢) مَا هُوَ سَبَبُ مَمْنُوعِ الصَّرْفِ فِي "يُوسُفَ"؟

## شَرْحُ الْكَلِمَاتِ (٩)

## শব্দ বিশ্লেষণ

مَوْعِظَةٌ ব-ব- مَوَاعِظُ - উপদেশ। مَوْعِظَةٌ قَيِّمَةٌ - মূল্যবান উপদেশ। صَدْرٌ - ব-ব - صُدُورٌ - বুক, প্রধান। صَدْرُ الْمَجْلِسِ - মজলিসের প্রধান। (ن) صُدُورًا - প্রকাশিত হওয়া। تَصْدُرُ مِنْ مَدْرَسَةِ الْمَدِينَةِ مَجَلَّةٌ أَدَبِيَّةٌ - মাদরাসাতুল মদীনা থেকে একটি সাহিত্য পত্রিকা প্রকাশিত হয়। إِصْدَارًا - প্রকাশ করা مَصْدَرٌ - ব-ব مَصَادِرُ - উৎস। اَلاِجْتِهَادُ مَصْدَرُ السَّعَادَةِ - পরিশ্রম সৌভাগ্যের উৎস। تَعْظِيمًا - সম্মানিত করা। (ض) عَصْرًا - নিংড়ানো। عَصِيرُ الْعِنَبِ - আঙ্গুর

রস। حَمْلًا (ض) - বহন করা। تَحَمُّلًا - বরদাশ্‌ত করা। جَرِيْئٌ - ব-ব جُرَآءُ -
নির্ভীক। حُرٌّ - ব-ব أَحْرَارٌ - স্বাধীন। حُرِّيَّةٌ - স্বাধীনতা। كُنْ عَبْدًا تَكُنْ حُرًّا-
দাস হও তাহলে সাধীন হতে পারবে। جَوَادٌ - ব-ব أَجْوَادٌ - দানশীল। جُوْدًا (ن)
(بِهٖ) - দান করা।

## مَوْعِظَةُ السِّجْنِ

وَدَخَلَ يُوسُفُ السِّجْنَ ، وَعَرَفَ أَهْلُ السِّجْنِ جَمِيعًا أَنَّ يُوسُفَ شَابٌّ كَرِيمٌ - وَأَنَّ يُوسُفَ عِنْدَهُ عِلْمٌ عَظِيمٌ - وَأَنَّ يُوسُفَ فِى صَدْرِهِ قَلْبٌ رَحِيمٌ - وَأَحَبَّ أَهْلُ السِّجْنِ يُوسُفَ وَأَكْرَمُوهُ - وَفَرِحَ النَّاسُ بِيُوسُفَ وَعَظَّمُوهُ - وَدَخَلَ مَعَهُ السِّجْنَ رَجُلَانِ وَقَصَّا عَلَيْهِ رُؤْيَاهُمَا

وَقَالَ أَحَدُهُمَا إِنِّى أَرَانِى أَعْصِرُ خَمْرًا وَقَالَ الآخَرُ إِنِّي أَرَانِى أَحْمِلُ فَوْقَ رَأْسِى خُبْزًا تَأْكُلُ الطَّيْرُ مِنْهُ - وَسَأَلَا يُوسُفَ عَنِ التَّأْوِيلِ - وَكَانَ يُوسُفُ عَالِمًا بِتَأْوِيلِ الرُّؤْيَا - وَكَانَ يُوسُفُ نَبِيًّا مِنَ الْأَنْبِيَاءِ - وَكَانَ النَّاسُ فِى زَمَانِهِ يَعْبُدُونَ غَيْرَ اللّٰهِ - وَوَضَعُوا أَرْبَابًا كَثِيرَةً مِنْ عِنْدَ أَنْفُسِهِمْ - وَقَالُوا هٰذَا رَبُّ الْبَرِّ وَهٰذَا رَبُّ الْبَحْرِ - وَهٰذَا رَبُّ الرِّزْقِ - وَهٰذَا رَبُّ الْمَطَرِ -

وَكَانَ يُوسُفُ يَرٰى كُلَّ ذٰلِكَ وَيَضْحَكُ - وَكَانَ يُوسُفُ يَعْلَمُ كُلَّ ذٰلِكَ وَيَبْكِى - وَكَانَ يُوسُفُ يُرِيدُ أَنْ يَدْعُوَ هُمْ إِلَى اللّٰهِ - وَقَدْ أَرَادَ اللّٰهُ أَنْ يَكُونَ ذٰلِكَ فِى السِّجْنِ -

أَلَا يَسْتَحِقُّ أَهْلُ السِّجْنِ الْمَوْعِظَةَ؟ أَلَا يَسْتَحِقُّ أَهْلُ السِّجْنِ الرَّحْمَةَ ؟ أَلَيْسَ أَهْلُ السِّجْنِ عِبَادَ اللّٰهِ؟ أَلَيْسَ أَهْلُ السِّجْنِ بَنِى آدَمَ؟ وَكَانَ يُوسُفُ فِى السِّجْنِ وَلٰكِنَّهُ كَانَ حُرًّا

جَرِيْئًا. وَكَانَ يُوْسُفُ فَقِيْرًا وَلٰكِنَّهُ كَانَ جَوَّادًا سَخِيًّا إِنَّ الْأَنْبِيَاءَ يَجْهَرُوْنَ بِالْحَقِّ فِيْ كُلِّ مَكَانٍ، إِنَّ الْأَنْبِيَاءَ يُجَوِّدُوْنَ بِالْخَيْرِ فِيْ كُلِّ زَمَانٍ -

## কারাগারে উপদেশ দান

ইউসুফ (আঃ) কারাগারে গেলেন। কারাবাসীরা সকলে জানতে পারল যে, ইউসুফ (আঃ) এক সম্মানিত যুবক। তিনি অগাধ জ্ঞান ও দয়ালু হৃদয়ের অধিকারী। কয়েদীরা তাকে ভক্তি ও শ্রদ্ধার চোখে দেখল এবং তাকে পেয়ে অত্যন্ত খুশী হল, এবং তাকে অনেক ইজ্জত সম্মান করল। ইউসুফ (আঃ) এর সাথে আরও দুজন লোক কারাগারে প্রবেশ করেছিল। তারা ইউসুফ (আঃ) এর নিকট তাদের স্বপ্নের বিবরণ দিল। তাদের একজন বলল, আমি নিজেকে মদ নিংড়াতে দেখেছি। অপর জন বলল, আমি নিজের মাথায় রুটি বহন করতে দেখেছি। আর পাখিরা তা থেকে ঠোকরে ঠোকরে খাচ্ছিল। তারা ইউসুফের নিকট স্বপ্নের মর্ম জিজ্ঞাসা করল। ইউসুফ (আঃ) স্বপ্নের তাবীর সম্পর্কে পারদর্শী ছিলেন। ইউসুফ (আঃ) নবী ছিলেন।

ঐ সময় লোকেরা গাইরুল্লাহর 'ইবাদত করত। তারা নিজেদের পক্ষ থেকে মনগড়া অনেক দেবদেবী বানিয়ে নিয়েছিল। তারা বলত, এটা স্থলের প্রভু, ওটা জলের প্রভু, এটা রিযিকের প্রভু, ওটা বৃষ্টির প্রভু। ইউসুফ (আঃ) এসব দেখে মনে মনে হাসতেন এবং (পরিণতির কথা চিন্তা করে) কাঁদতেন। ইউসুফ (আঃ) তাদেরকে আল্লাহ্‌র দিকে দা'ওয়াত দিতে চেয়েছিলেন। আল্লাহ্‌ চেয়েছেন তাঁর ইচ্ছা কারাগারে পূরণ হোক। কারাবাসীরা কি উপদেশ ও দয়া পাওয়ার যোগ্য নয়? কারাবাসীরা কি আল্লাহ্‌র বান্দা নয়? তারা কি আদম সন্তান নয়?

ইউসুফ (আঃ) কারাগারে থাকা সত্ত্বেও স্বাধীনচেতা ছিলেন। তিনি দরিদ্র হওয়া সত্ত্বেও দানশীল ও মহানুভব ছিলেন। সকল নবী সর্বকালে ও সর্ব স্থানে বলিষ্ঠ কণ্ঠে সত্য ও কল্যাণ প্রচার করেছিলেন।

## إِعْرَابُ الْكَلَامِ

## বাক্য বিশ্লেষণ

(وَقَالَ الْآخَرُ إِنِّيْ أَرَانِيْ أَحْمِلُ فَوْقَ رَأْسِيْ خُبْزًا تَأْكُلُ الطَّيْرُ مِنْهُ)

(واو) العاطفة (قَالَ) - ফে'য়েল, (الْآخَرُ) ফা'য়েল, উভয় মিলে জুমলা হয়ে قول (إِنَّ) حرف مشبه بالفعل (ى) তার ইসম (أرى)ফে'য়েল, তার মাঝে বিদ্যমান দমীর أنا ফা'য়েল (ن) نون الوقاية (ى) যুলহাল, (أَحْمِلُ) ফে'য়েল,

তার মাঝে বিদ্যমান দমীর انا ফা'য়েল, (فَوْقَ) মুদাফ (رَأْسِى) মুদাফ-মুদাফুন ইলাইহ মিলে পুনরায় মুদাফুন ইলাইহ, তার পর উভয় মিলে মাফ'উলুন ফীহি (خُبْزًا) মাওছূফ (تَأْكُلُ) ফে'য়েল, (الطَّيْرُ) ফা'য়েল (مِنْهُ) জর-মাজরূর মিলে ফে'য়েলের সাথে মুতা'য়াল্লাক হয়েছে। তার পর ফে'য়েলে ফা'য়েল ও মুতা'য়াল্লিক মিলে জুমলায়ে ফে'লিয়া হয়ে ছিফাত হয়েছে। মাওছূফ ও ছিফাত মিলে مفعول به হয়েছে। অতঃপর সবগুলো মিলে জুমলা হয়ে হাল হয়েছে। হাল ও জুলহাল মিলে مفعول به হয়েছে। তারপর সবগুলো মিলে জুমলা হয়ে إن এর খবর হয়েছে। পরিশেষে إن তার ইসম ও খবরকে নিয়ে জুমলায়ে ইসমিয়া হয়ে مقول القول হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ
## প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) مَاذَا عَرَفَ أَهْلُ السِّجْنِ بَعْدَ أَنْ رَأَوْا يُوسُفَ؟

(٢) لِمَ أَحَبَّ أَهْلُ السِّجْنِ يُوسُفَ وَأَكْرَمُوهُ؟

(٣) أَلِجَمَالِهِ وَمَالِهِ أَحَبُّوهُ وَأَكْرَمُوهُ؟

(٤) أَلِعِلْمِهِ وَخُلُقِهِ أَحَبُّوهُ وَأَكْرَمُوهُ؟

(٤) كَمْ رَجُلًا دَخَلَ مَعَهُ السِّجْنَ؟

(٥) مَاذَا قَالَ الرَّجُلَانِ لِيُوسُفَ؟

(٦) هَلْ كَانَ يُوسُفُ عَالِمًا بِتَأْوِيلِ الرُّؤْيَا ؟

(٧) مَنْ كَانَ النَّاسُ يَعْبُدُونَهُ فِيْ زَمَانِ يُوسُفَ؟

(٨) مَاهِيَ صِفَةُ الأَنْبِيَاءِ؟ أُذْكُرْ بَعْضَهَا .

(٩) أَيَجْهَرُ الأَنْبِيَاءُ بِالْحَقِّ وَيُجَوِّدُوْنَ بِالْخَيْرِ؟

(١٠) أَلَيْسَ الْعُلَمَاءُ وَرَثَةُ الأَنْبِيَاءِ؟ فَمَاذَا يَجِبُ عَلَيْهِمْ؟

## (شَرْحُ الْكَلِمَاتِ) (১০)
## শব্দ বিশ্লেষণ

تَنَفُّسًا শ্বাস নেওয়া, أَنْفَاسٌ ব-ব - نَفَسٌ শ্বাস- أَنْفُسٌ অন্তর। نَفْسٌ ব-ব - ব্যবহার تَنَفَّسَ الْمَرِيْضُ النَّفَسَ الأَخِيْرَ রুগী শেষ নিঃশ্বাস ত্যাগ করল। سَوْقًا (ن) - টানা। سَائِقٌ - ব-ব سَاقَةٌ - চালক يَسُوْقُ الْحِرْصُ إِلَى الْمَوْتِ

লোভে পাপ, পাপে মৃত্যু। خُضُوْعًا (ف) - নত হওয়া। اِسْتِعْجَالًا - তাড়া হুড়া করা। حَاجَةٌ -ব-ব- فُرْصَةٌ -ব-ব فُرَصٌ - সুযোগ। فُرْصَةٌ ذَهَبِيَّةٌ - সুবর্ণ সুযোগ। حَاجَاتٌ প্রয়োজন। لِيْنًا (ض) নম্র হওয়া। لَيِّنٌ - নরম, কোমল। اِسْرَاعًا - তাড়াহুড়া করা। اِطْمِيْنَانًا - আশ্বস্ত হওয়া। بَدْءًا (ف) - আরম্ভ করা। اَلْبَادِئُ بِالسَّلَامِ بَرِيْئٌ مِّنَ الْكِبْرِ - প্রথমে সালাম দানকারী অহংকার মুক্ত।

# حِكْمَةُ يُوْسُفَ

قَالَ يُوْسُفُ فِىْ نَفْسِهٖ : إِنَّ الْحَاجَةَ سَاقَتِ الرَّجُلَيْنِ إِلَيَّ ـ وَإِنَّ صَاحِبَ الْحَاجَةِ يَلِيْنُ وَيَخْضَعُ ، وَإِنَّ صَاحِبَ الْحَاجَةِ يُطِيْعُ وَيَسْمَعُ ـ فَلَوْ قُلْتُ لَهُمَا شَيْئًا لَسَمِعَا ، وَسَمِعَ أَهْلُ السِّجْنِ وَلٰكِنَّ يُوْسُفَ لَمْ يَسْرَعْ وَلٰكِنَّ يُوْسُفَ لَمْ يَسْتَعْجِلْ ـ بَلْ قَالَ لَهُمَا : أَنَا أُخْبِرُ كُمَا بِتَأْوِيْلِ الرُّؤْيَا قَبْلَ أَنْ يَّأْتِيَكُمَا طَعَامُكُمَا ـ فَجَلَسَا وَاطْمَأَنَّا ـ ثُمَّ قَالَ لَهُمَا يُوْسُفُ : أَنَا عَالِمٌ بِتَأْوِيْلِ الرُّؤْيَا "ذٰلِكُمَا مِمَّا عَلَّمَنِىْ رَبِّىْ" فَفَرِحَا وَاطْمَأَنَّا ـ وَهُنَا وَجَدَ يُوْسُفُ الْفُرْصَةَ فَبَدَأَ مَوْعِظَتَهٗ :

## ইউসুফ (আঃ) এর প্রজ্ঞা

ইউসুফ (আঃ) মনে মনে ভাবলেন, প্রয়োজনের তাগিদেই লোকদ্বয় আমার নিকট এসেছে। আর প্রয়োজন গ্রস্ত ব্যক্তি বিনম্র ও বিনয়ী হয় এবং মান্যকারী ও শ্রবণকারী হয়। অতএব তাদেরকে কিছু বললে অবশ্যই তারা শুনবে। আর বাস্তবেও তারা শুনেছে।

কিন্তু ইউসুফ (আঃ) তাড়াহুড়া না করে তাদেরকে বললেন, খাবার আসার আগেই আমি তোমাদের স্বপ্নের ব্যাখ্যা বলে দিব। ফলে তারা স্থির ও শান্ত মনে বসল। তখন ইউসুফ (আঃ) তাদেরকে বললেন, আমি স্বপ্নের ব্যাখ্যার ব্যাপারে অভিজ্ঞ। আমার প্রতিপালক আমাকে এই জ্ঞান দান করেছেন। তখন তারা আনন্দিত হয়ে স্থিরভাবে বসলো। এমন সময় ইউসুফ (আঃ) সুযোগ বুঝে তাঁর উপদেশ আরম্ভ করলেন।

# إِعْرَابُ الْكَلَامِ
## বাক্য বিশ্লেষণ

(ذٰلِكُمَا مِمَّا عَلَّمَنِيْ رَبِّيْ)

(ذا) ইসমুল ইশারা, (لام) للبعد (كُمَا) حرف خطاب (مِنْ) হরফুল জর, (مَا) ইসমুল মাওছূল (عَلَّمَ) ফে'য়েল, (ن) نون الوقاية (ى) মাফ'উলুন বিহী, (رَبِّى) مركب إضافي হয়ে ফা'য়েল, তারপর ফে'য়েল, ফা'য়েল ও মাফ'উলুন বিহী মিলে জুমলায়ে ফে'লিয়া হয়ে ছিলা হয়েছে। ইসমুল মাওছূল ও ছিলা মিলে মাজরূর হয়েছে। অতঃপর জর-মাজরূর মিলে معدود শিবহুল ফেয়েলের সাথে মুতা'য়াল্লিক হয়ে খবর হয়েছে। পরিশেষে মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়া হয়েছে।

(فَلَوْ قُلْتُ لَهُمَا شَيْئًا لَسَمِعَا)

(ف) النتيجة (لو) حرف شرط امتناعى (قال) ফে'য়েল (أنا) ফা'য়েল,(لَهُمَا) জর-মাজরূর মিলে ফে'য়েলের সাথে মুতা'য়াল্লিক হয়েছে। (شَيْئًا) মাফ'উলুন বিহী। তারপর ফে'য়েল ফা'য়েল, মাফ'উলুন বিহী ও মুতা'য়াল্লিক মিলে شرط হয়েছে, (لام) حرف تسويف (سَمِعَ) ফে'য়েল, (الف) ফা'য়েল, অতঃপর উভয়ে মিলে জুমলায়ে ফে'লিয়া হয়ে جواب الشرط হয়েছে। পরিশেষে শর্ত ও জওয়াবুশ্ শর্ত মিলে جملة شرطية হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ
## প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) مَاذَا قَالَ يُوْسُفُ فِيْ نَفْسِهٖ؟
(٢) مَا الَّتِيْ سَاقَتِ الرَّجُلَيْنِ إِلٰى يُوْسُفَ؟
(٣) مَاذَا يَفْعَلُ صَاحِبُ الْحَاجَةِ؟
(٤) لِمَنْ يَلِيْنُ صَاحِبُ الْحَاجَةِ وَيَخْضَعُ؟
(٥) أَلِلْمُحْتَاجِ إِلَيْهِ يَلِيْنُ؟
(٦) مَتٰى يُخْبِرُهُمَا يُوْسُفُ بِتَأْوِيْلِ الرُّؤْيَا؟
(٧) مَنْ عَلَّمَ يُوْسُفَ تَأْوِيْلَ الرُّؤْيَا؟
(٨) مِمَّنْ يَتَعَلَّمُ الْأَنْبِيَاءُ؟
(٩) أَلَيْسَ اللّٰهُ مُعَلِّمَ الْأَنْبِيَاءِ وَالْمُرْسَلِيْنَ؟
(١٠) كَيْفَ سَقَطَ النُّوْنُ مِنْ "بَنِيْ آدَمَ" أُذْكُرُوا الْقَاعِدَةَ إِذَا عَلِمْتُمْ.

## شَرْحُ الْكَلِمَاتِ (১১)
### শব্দ বিশ্লেষণ

تَوْحِيْدًا - এক জানা। اِتِّحَادًا - একতা বদ্ধ হওয়া। اَلْاِتِّحَادُ قُوَّةٌ - একতাই বল। اِتِّبَاعًا - অনুসরণ করা। (ض) وُقُوْفًا থামা। تَفَرُّقًا - পৃথক হওয়া। تَفْرِيْقًا - পৃথক করা। تَسْمِيَةٌ - নাম রাখা। سَمَّانِىْ جَدِّىْ مُكَرَّمًا আমার নানা আমার নাম মুকাররাম রেখেছেন। قَيِّمٌ - সরল। إِيْتَاءٌ - দেওয়া। (به) إِشْرَاكًا - শিরক করা। قَهَّارٌ - পরাক্রমশালী। (ن) حُكْمًا - শাসন করা। فَضْلٌ - অনুগ্রহ। دِيْنٌ - ব-ব- أَدْيَانٌ - ধর্ম। اَلنَّاسُ عَلٰى دِيْنِ مُلُوْكِهِمْ - রাজ্য চলে রাজার চালে।

## مَوْعِظَةُ التَّوْحِيْدِ

قَالَ يُوْسُفُ ذٰلِكُمَا مِمَّا عَلَّمَنِىْ رَبِّىْ ـ وَلٰكِنَّ اللّٰهَ لَايُؤْتِىْ عِلْمَهُ كُلَّ أَحَدٍ ـ إِنَّ اللّٰهَ لَايُؤْتِىْ عِلْمَهُ الْمُشْرِكَ ـ هَلْ تَعْرِفَانِ لِمَاذَا عَلَّمَنِىْ رَبِّىْ؟ لِأَنِّىْ تَرَكْتُ طَرِيْقَ أَهْلِ الشِّرْكِ ـ وَاتَّبَعْتُ مِلَّةَ آبَائِىْ إِبْرَاهِيْمَ وَإِسْحٰقَ وَيَعْقُوْبَ : "مَاكَانَ لَنَا أَنْ نُشْرِكَ بِاللّٰهِ مِنْ شَيْءٍ" ـ قَالَ يُوْسُفُ ـ وَهٰذَا التَّوْحِيْدُ لَيْسَ لَنَا فَقَطْ ـ بَلْ هُوَ لِلنَّاسِ جَمِيْعًا "ذٰلِكَ مِنْ فَضْلِ اللّٰهِ عَلَيْنَا وَلٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَايَشْكُرُوْنَ ـ وَهُنَا وَقَفَ يُوْسُفُ ،وَسَأَلَهُمَا ـ تَقُوْلُوْنَ رَبُّ الْبَرِّ وَرَبُّ الرِّزْقِ وَرَبُّ الْمَطَرِ ـ وَنَحْنُ نَقُوْلُ : اَللّٰهُ رَبُّ الْعَالَمِيْنَ ـ

أَأَرْبَابٌ مُتَفَرِّقُوْنَ خَيْرٌ أَمِ اللّٰهُ الْوَاحِدُ الْقَهَّارُ ـ أَيْنَ رَبُّ الْبَرِّ وَرَبُّ الْبَحْرِ وَرَبُّ الرِّزْقِ وَرَبُّ الْمَطَرِ؟ أَرُوْنِىْ مَاذَا خَلَقُوْا مِنَ الْأَرْضِ أَمْ لَهُمْ شِرْكٌ فِى السَّمٰوٰتِ ـ اُنْظُرُوْا إِلَى السَّمَاءِ وَالْأَرْضِ وَانْظُرُوْا إِلَى الْإِنْسَانِ ـ هٰذَا خَلْقُ اللّٰهِ فَأَرُوْنِىْ مَاذَا خَلَقَ الَّذِيْنَ مِنْ دُوْنِهٖ وَكَيْفَ رَبُّ الْبَرِّ وَرَبُّ الْبَحْرِ وَرَبُّ الرِّزْقِ وَرَبُّ الْمَطَرِ؟

أَسْمَاءً سَمَّيْتُمُوهَا أَنْتُمْ وَآبَاؤُكُمْ اَلْحُكْمُ لِلّٰهِ ـ اَلْمُلْكُ لِلّٰهِ ـ اَلأَرْضُ لِلّٰهِ ـ اَلأَمْرُ لِلّٰهِ ـ لَاتَعْبُدُوا إِلَّا إِيَّاهُ ، ذٰلِكَ الدِّيْنُ الْقَيِّمُ ـ وَلٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَايَعْلَمُوْنَ ـ

## একত্ববাদের উপদেশ

ইউসুফ (আঃ) বললেন, আমার প্রতিপালক আমাকে তা দান করেছেন। কিন্তু আল্লাহ্ পাক সকলকে তাঁর ইল্‌ম দান করেন না। তিনি মুশরিককে তাঁর 'ইল্‌ম দান করেন না। তাহলে তোমরাকি বলতে পারো, কেন আল্লাহ পাক আমাকে তাঁর 'ইলম দান করলেন? কারণ হল, আমি শিরকের পথ পরিহার করে আমার পূর্ব পুরুষ ইব্‌রাহীম, ইসহাক ও ইয়া'কুবের ধর্মাদর্শের অনুসরণ করেছি। আমরা কোন কিছুকে আল্লাহ্‌র সাথে শরীক করি নাই। আর এই একত্ববাদের বিশ্বাস শুধু মাত্র আমাদের জন্য নয় বরং তা সকলের জন্য আবশ্যক। এটা আল্লাহ্‌র পক্ষ থেকে আমাদের প্রতি বিরাট অনুগ্রহ, কিন্তু অধিকাংশ লোক কৃতজ্ঞতা প্রকাশ করে না।

এখানে ইউসুফ (আঃ) সামান্য থেমে বললেন, তোমরা বল এটা জলের প্রভু, ওটা স্থলের প্রভু, এটা রিযিকের প্রভু, ওটা বৃষ্টির প্রভু। কিন্তু আমরা বলি, আল্লাহ্ বিশ্বজাহানের প্রভু। (বলো), পৃথক পৃথক অনেক প্রভু ভাল, নাকি মহা পরাক্রমশালী এক আল্লাহ? কোথায় জল ও স্থলের প্রভু? কোথায় রিযিক ও বৃষ্টির প্রভু? দেখাও তো ভূমণ্ডলে তারা কী সৃষ্টি করেছে? আর নভোমণ্ডলেই বা তাদের কী অংশীদারিত্ব আছে?

লক্ষ করো নভোমণ্ডল ও ভূমণ্ডলের দিকে, লক্ষ করো মানুষের দিকে, এগুলো আল্লাহ্‌রই সৃষ্টি। দেখাওতো, আল্লাহ ব্যতীত অন্যেরা কী সৃষ্টি করেছে? কেমন তোমাদের জল ও স্থলের প্রভু, কেমন তোমাদের রিযিক ও বৃষ্টির প্রভু? এগুলো তোমাদের ও তোমাদের পূর্বপুরুষদের মনগড়া কিছু নাম ছাড়া আর কিছু না। কর্তৃত্ব আল্লাহ্‌র, রাজত্ব আল্লাহ্‌র, যমীন আল্লাহ্‌র। অতএব তিনি ছাড়া অন্য কারো 'ইবাদত করো না। এটাই সঠিক দ্বীন, কিন্তু অধিকাংশ মানুষই তা জানেনা।

## إِعْرَابُ الْكَلَامِ
## বাক্য বিশ্লেষণ

(مَا كَانَ لَنَا أَنْ نُشْرِكَ بِاللّٰهِ مِنْ شَيْءٍ)

(مَا) حرف النفى (كَانَ) ফে'য়েলে নাকিস (لَنَا) জর-মাজরূর মিলে مناسبا শিবহুল ফে'য়েলের সাথে মুতা'য়াল্লিক হয়ে خبر كان হয়েছে। (أن) حرف

(بالله) المصدر (نُشْرِكَ) ফে'য়েল, তার মাঝে বিদ্যমান দমীর نحن ফা'য়েল, (بالله) জর-মাজরূর মিলে ফে'য়েলের সাথে মুতা'য়াল্লিক হয়েছে (مِنْ) অতিরিক্ত অব্যয়, (شَيْءٍ) মাফ'উলুন বিহী, তারপর ফে'য়েল, ফা'য়েল, মাফ'উলুন বিহী ও মুতা'য়াল্লিক মিলে জুমলা হয়ে أن দ্বারা মাছদার হয়ে اسم كان হয়েছে। পরিশেষে اسم كان ও خبر كان মিলে জুমলায়ে ইসমিয়া হয়েছে।

(أَسْمَاءٌ سَمَّيْتُمُوهَا أَنْتُمْ وَآبَاؤُكُمْ)

শুরুতে هذه মুবতাদা উহ্য রয়েছে। (أَسْمَاءٌ) মাওছূফ, (سَمّى) ফে'য়েল, (تم) মুয়াক্কাদ (ها) মাফ'উলুন বিহী, (أنتم) তাকীদ, তারপর তাকীদ ও মুয়াক্কাদ মিলে মা'তুফুন আলাইহ, (و) হরফুল 'আতফ, (آبَاؤُكُمْ) মুরাক্কাবে ইদাফী হয়ে মা'তুফ, তারপর উভয়ে মিলে ফা'য়েল, ফে'য়েল ফা'য়েল ও মাফ'উলুন বিহী মিলে জুমলায়ে ফে'লিয়া হয়ে ছিফাত হয়েছে। মাওছূফ ও ছিফাত মিলে খবর। পরিশেষে মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়া হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ

## প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) كَيْفَ شَرَعَ يُوسُفُ مَوْعِظَةَ التَّوْحِيدِ؟

(٢) أَيُؤْتِي اللّٰهُ عِلْمَهُ الْمُشْرِكَ؟

(٣) مَنْ يُؤْتِ اللّٰهُ عِلْمَهُ؟

(٤) لِمَاذَا عَلَّمَ اللّٰهُ يُوسُفَ تَأْوِيلَ الرُّؤْيَا؟

(٥) أَيَجُوزُ لِلنَّاسِ أَنْ يُشْرِكُوا بِاللّٰهِ مِنْ شَيْءٍ؟

(٦) أَيَغْفِرُ اللّٰهُ لِلْمُشْرِكِ؟

(٧) كَيْفَ عَرَفْتُمْ أَنَّ اللّٰهَ لَا يَغْفِرُ الشِّرْكَ؟

(٨) مَا هِيَ الْمِلَّةُ الَّتِي اتَّبَعَهَا يُوسُفُ؟

(٩) أَيَّةَ مِلَّةٍ تَتَّبِعُونَهَا؟

(١٠) أَتَتَّبِعُونَ مِلَّةَ أَبِيكُمْ إِبْرَاهِيمَ؟

(١١) أَعْرِبْ قَوْلَ اللّٰهِ تَعَالَى " ذٰلِكَ الدِّينُ الْقَيِّمُ"

## شَرْحُ الْكَلِمَاتِ (১২)

### শব্দ বিশ্লেষণ

تَأوِيلًا - ব্যাখ্যা করা। صَلْبًا (ض) - শূলে চড়ানো। صَلِيبٌ /خَازُوقٌ - শূল। سَجِينٌ - ব-ব- سُجُونٌ - জেলখানা। سِجْنٌ - ব-ব- طُيُورٌ / طَيْرٌ - পাখি। طَائِرٌ ব-ব - سُجَنَاءُ - কয়েদী। إِقَامَةٌ - অবস্থান করা। مُقِيمٌ - নিবাসী , অবস্থানকারী। مُسَافِرٌ - প্রবাসী। اَلدُّنْيَا سِجْنُ الْمُؤْمِنِ وَجَنَّةُ الْكَافِرِ- দুনিয়া মুমিনের জেলখানা এবং কাফিরের বালাখানা। مُطَابَقَةٌ - সঙ্গতি পূর্ণ হওয়া,
সামঞ্জস্যপূর্ণ হওয়া। যথা طَابَقَ النَّعْلُ بِالنَّعْلِ - পূর্ণ সঙ্গতিপূর্ণ হয়েছে। تَطْبِيقًا - সামঞ্জস্য বিধান করা। وَاقِعٌ - বাস্তব।

## تَأوِيلُ الرُّؤْيَا

وَلَمَّا فَرَغَ يُوسُفُ مِنْ مَوْعِظَتِهِ أَخْبَرَهُمَا بِتَأوِيلِ الرُّؤْيَا قَالَ : أَمَّا أَحَدُ كُمَا فَيَسْقِي رَبَّهُ خَمْرًا وَأَمَّا الآخَرُ فَيُصْلَبُ فَتَأكُلُ الطَّيْرُ مِنْ رَأْسِهِ . وَقَالَ لِلأَوَّلِ أُذْكُرْنِي عِنْدَ رَبِّكَ . وَخَرَجَ الرَّجُلاَنِ فَكَانَ الآوَّلُ سَاقِيًا لِلْمَلِكِ وَصُلِبَ الآخَرُ ، وَنَسِيَ السَّاقِي أَنْ يَذْكُرَ يُوسُفَ عِنْدَ الْمَلِكِ . وَأَقَامَ يُوسُفُ فِي السِّجْنِ سِنِيْنَ .

### স্বপ্নের ব্যাখ্যা প্রদান

ইউসুফ (আঃ) উপদেশ শেষ করে স্বপ্নের ব্যাখ্যা বলতে লাগলেন। তিনি বললেন, প্রথম জনের স্বপ্নের ব্যাখ্যা হচ্ছে, সে তার মনিবকে মদ পান করাবে। আর অপর জনের স্বপ্নের ব্যাখ্যা হল, তাকে শুলে চড়ানো হবে, আর পাখিরা তার মাথা থেকে ঠুকরে ঠুকরে খাবে। তিনি প্রথম জনকে উদ্দেশ্য করে বললেন, "তোমার মনিবের কাছে আমার কথা বলবে। অবশেষে লোকদ্বয় কারাগার থেকে বের হল। প্রথম জন তার মনিবকে মদ পান করাল, অর্থাৎ মনিবের মদ পরিবেশক হল। আর অপর জনকে শুলিতে চড়ানো হল। কিন্তু সাকী তার মনিবের কাছে ইউসুফের কথা বলতে ভুলে গেল। ফলে ইউসুফ (আঃ) বহু বছর কারাগারে থেকে গেলেন।

# إِعْرَابُ الْكَلَامِ
## বাক্য বিশ্লেষণ

(أَقَامَ يُوْسُفُ فِى السِّجْنِ سِنِيْنَ)

(أَقَامَ) ফে'য়েল, (يُوْسُفُ) ফা'য়েল (فِي السِّجْنِ) জর-মাজরূর মিলে ফে'য়েলের সাথে মুতা'য়াল্লিক (سِنِيْنَ) মাফ'উলুন ফীহি হয়েছে।

পরিশেষে ফে'য়েল, ফা'য়েল, মুতা'য়ল্লিক ও মাফ'উলুন ফীহি মিলে জুমলায়ে ফে'লিয়া হয়েছে।

# أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ
## প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) هَلْ أَخْبَرَ يُوْسُفُ الرَّجُلَيْنِ بِتَأْوِيْلِ الرُّؤْيَا ؟

(٢) مَتٰى أَخْبَرَ هُمَا يُوْسُفُ بِتَأْوِيْلِ الرُّؤْيَا ؟

(٣) مَاذَا قَالَ يُوْسُفُ عَنْ تَأْوِيْلِ رُؤْيَا هُمَا ؟

(٤) أَطَابَقَ التَّأْوِيْلُ الْوَاقِعَ؟

(٥) مَاذَا قَالَ يُوْسُفُ لِلسَّاقِىْ؟

(٦) أَذَكَرَ السَّاقِيْ يُوْسُفَ عِنْدَ الْمَلِكِ؟

(٧) لِمَاذَا لَمْ يَذْكُرِ السَّاقِىْ يُوْسُفَ عِنْدَ الْمَلِكِ؟

(٨) كَمْ سَنَةً أَقَامَ يُوْسُفُ فِى السِّجْنِ؟

(٩) أَتُحِبُّ أَنْ تَدْخُلَ فِى السِّجْنِ كَمَا أَحَبَّ يُوْسُفُ؟

(١٠) أَتَعْرِفُ أَنَّ الدُّنْيَا سِجْنُ الْمُؤْمِنِ وَجَنَّةُ الْكَافِرِ؟

# شَرْحُ الْكَلِمَاتِ (১৩)
## শব্দ বিশ্লেষণ

سَمِيْنٌ ব-ব سِمَانٌ - মোটা। سَمَانَةٌ (س) - মোটা হওয়া। سُنْبُلَةٌ ব-ব سُنْبُلَاتٌ - শীষ। يَابِسَةٌ ব-ব يَابِسَاتٌ - শুষ্ক। حَقِيْقَةٌ ব-ব حَقَائِقُ - বাস্তবতা দَلَالَةٌ (ن) عَلَيْهِ বাতলে দেওয়া। زَرْعًا (ف) - বপন করা। خَزْنًا (ن) - সঞ্চয় করা। خَضْرَاءُ ব-ব خُضْرٌ - সবুজ। عَجْفَاءُ ব-ব عِجَافٌ - দুর্বল, জীর্ণ-শীর্ণ। جَلِيْسٌ ব-ব جُلَسَاءُ - সভাসদ। إِشْفَاقًا (عَلَيْهِ) স্নেহ করা। تُشْفِقُ الْأُمُّ عَلَى الْأَوْلَادِ - মা সন্তানকে স্নেহ করেন। تَدْبِيْرًا - ব্যবস্থা করা। حَصَادًا (ن) - ফসল কাটা كَمَا تَزْرَعُ تَحْصُدُ - যেমন কর্ম তেমন ফল। قَحْطٌ - দুর্ভিক্ষ, আকাল, إِخْصَابًا - সবুজ শ্যামল হওয়া।

## رُؤْيَا الْمَلِكِ

وَرَأَى مَلِكُ مِصْرَ رُؤْيًا عَجِيْبَةً ـ رَأَى فِي الْمَنَامِ سَبْعَ بَقَرَاتٍ سِمَانٍ ـ وَيَأْكُلُ هٰذِهِ الْبَقَرَاتُ سَبْعَ بَقَرَاتٍ عِجَافٍ ـ وَرَأَى الْمَلِكُ سَبْعَ سُنْبُلَاتٍ خُضْرٍ وَسَبْعَ سُنْبُلَاتٍ يَابِسَاتٍ ـ تَعَجَّبَ الْمَلِكُ مِنْ هٰذِهِ الرُّؤْيَا الْعَجِيْبَةِ وَسَأَلَ جُلَسَاءَهُ عَنْ تَأْوِيْلِ الرُّؤْيَا ـ قَالُوا : هٰذَا لَيْسَ بِشَيْءٍ النَّائِمُ يَرٰى أَشْيَاءَ كَثِيْرَةً لَاحَقِيْقَةَ لَهَا ـ وَلٰكِنْ قَالَ السَّاقِيْ : لَابَلْ أُخْبِرُكُمْ بِتَأْوِيْلِ هٰذِهِ الرُّؤْيَا ـ

وَذَهَبَ السَّاقِيْ إِلَى السِّجْنِ وَسَأَلَ يُوْسُفَ عَنْ تَأْوِيْلِ رُؤْيَا الْمَلِكِ ـ كَانَ يُوْسُفُ جَوَّادًا كَرِيْمًا لَايَعْرِفُ الْبُخْلَ فَأَخْبَرَ يُوْسُفُ بِالتَّأْوِيْلِ وَدَلَّ عَلَى التَّدْبِيْرِ ـ

قَالَ تَزْرَعُوْنَ سَبْعَ سِنِيْنَ ـ وَاتْرُكُوا مَاحَصَدْتُمْ فِي سُنْبُلِهٖ إِلَّا قَلِيْلًا مِمَّا تَأْكُلُوْنَ وَيَكُوْنُ بَعْدَ ذٰلِكَ قَحْطٌ عَامٌّ تَأْكُلُوْنَ فِيْهِ مَاخَزَنْتُمْ إِلَّا قَلِيْلًا وَيَطُوْلُ هٰذَالْقَحْطُ إِلٰى سَبْعِ سِنِيْنَ ـ وَبَعْدَ ذٰلِكَ يَأْتِي النَّصْرُ وَيُخْصِبُ النَّاسُ ـ وَذَهَبَ السَّاقِيْ وَأَخْبَرَ الْمَلِكَ بِتَأْوِيْلِ رُؤْيَاهُ ـ

### রাজার স্বপ্ন

মিশরের রাজা এক আশ্চর্য স্বপ্ন দেখল। সে স্বপ্নে দেখল, সাতটি জীর্ণ-শীর্ণ গাভী সাতটি মোটা তাজা গাভীকে খেয়ে ফেলছে। সে আরও দেখল, সাতটি সবুজ শ্যামল ধানের শীষ ও সাতটি শুষক ধানের শীষ। রাজা এই অদ্ভুত স্বপ্ন দেখে কিংকর্তব্য বিমূঢ় হয়ে সভাসদদেরকে স্বপ্নের ব্যাখ্যা জিজ্ঞাসা করল। সভাসদ বৃন্দ বলল, এসব কিছু না, নিদ্রাচ্ছন্ন ব্যক্তি নিদ্রা জগতে ভিত্তিহীন অনেক কিছুই দেখে থাকে। তখন সাকী বলল, না, বরং আমি তোমাদেরকে স্বপ্নের ব্যাখ্যা বলে দেবো। অতঃপর সাকী কারাগারে গেল এবং ইউসুফকে রাজার স্বপ্নের ব্যাখ্যা জিজ্ঞাসা করল। ইউসুফ (আঃ) ছিলেন দানবীর, মহানুভব ও

আল্লাহ্‌র সৃষ্টির প্রতি স্নেহশীল। তার মনে কৃপণতার কণা মাত্রও ছিলনা। তাই তিনি স্বপ্নের ব্যাখ্যা বলে দিলেন এবং ভবিষ্যৎ কর্মসূচী বাতলে দিলেন। তিনি বললেন, তোমরা সাত বছর চাষাবাদ করবে এবং সামান্য কিছু আহার হিসাবে গ্রহণ করবে এবং অবশিষ্ট ফসল শীষসহ রেখে দিবে।" তারপর দীর্ঘ দুর্ভিক্ষ দেখা দিবে। তখন সেই সঞ্চিত ফসল আহার হিসেবে গ্রহণ করবে এবং সামান্য কিছু বাকি রাখবে। এই দুর্ভিক্ষ সাত বছর স্থায়ী হবে। অবশেষে আল্লাহ্‌র সাহায্য আসবে। তখন লোকেরা সমৃদ্ধশালী হবে। সাকী ফিরে এসে রাজাকে তার স্বপ্নের ব্যাখ্যা জানিয়ে দিল।

## إِعْرَابُ الْكَلَامِ

## বাক্য বিশ্লেষণ

(النَّائِمُ يَرَى أَشْيَاءَ كَثِيرَةً لَاحَقِيقَةَ لَهَا)

(النَّائِمُ) - মুবতাদা, (يَرَى) ফে'য়েল, তার মাঝে বিদ্যমান দমীর هُوَ ফা'য়েল, (أَشْيَاءَ) মাওছূফ, (كَثِيرَةً) প্রথম ছিফাত, (لا) لنفى الجنس (حقيقة ) তার ইসম (لَهَا) জর-মাজরূর মিলে مَوْجُوْدَةً শিবহুল ফে'য়েলের সাথে মুতা'য়াল্লিক হয়ে খবর , لاالنافية للجنس তার ইসম ও খবরকে নিয়ে জুমলায়ে ইসমিয়া হয়ে দ্বিতীয় ছিফাত । মাওছূফ ও উভয় ছিফাত মিলে مفعول به হয়েছে। অতঃপর ফে'য়েল ফা'য়েল ও মাফ'উলুন বিহী মিলে জুমলা হয়ে খবর হয়েছে। পরিশেষে মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়া হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ

## প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) مَاذَا رَأَى مَلِكُ مِصْرَ فِي الْمَنَامِ؟

(٢) كَمْ بَقَرَةً رَأَى الْمَلِكُ فِي مَنَامِهِ؟

(٤) كَمْ بَقَرَةً كَانَتْ سَمِينَةً وَكَمْ بَقَرَةً كَانَتْ عَجْفَاءَ؟

(٥) كَمْ سُنْبُلَةً كَانَتْ خَضْرَاءَ وَكَمْ سُنْبُلَةً كَانَتْ يَابِسَةً؟

(٦) سَأَلَ الْمَلِكُ جُلَسَاءَهُ عَنْ تَأْوِيلِ الرُّؤْيَا فَمَاذَا قَالُوا؟

(٧) كَيْفَ دَلَّ يُوسُفُ عَلَى التَّدْبِيرِ؟

(٨) مِمَّنْ تعلَّمَ يُوسفُ تَأْوِيلَ الرُّؤْيَا؟

(٩) كَيْفَ عَلِمَ السَّاقِي أَنَّ يُوسُفَ يَعرِفُ تأوِيلَ الرُّؤيَا؟

(١٠) كَمْ سَنَةً يَطُولُ الْقَحْطُ ومَاذَا يَحْدُثُ بَعْدَالْقَحْطِ؟

(١١) بِمَ يَتَعَلَّقُ الجَارُ وَأَيّ مَاهٰذِهِ فِي قَوْلِهِ "إِلَّا قَلِيلًا مِمَّا تَأْكُلُوْنَ"؟

## شَرْحُ الْكَلِمَاتِ (১৪)

### শব্দ বিশ্লেষণ

تَدْبِيْرًا - চিন্তা করা, পরিকল্পনা করা। السَّاقِى - শরাব পরিবেশক। صِدِّيْقٌ - সত্যবাদী। اِشْتِيَاقًا (اِلَيْهِ) - আগ্রহী হওয়া। مُشْتَاقٌ - আগ্রহী। اِعْرَاضًا (عَنْهُ) বিমুখ হওয়া। تَخْلِيْصًا - খাঁটি করা। اِسْتِخْلَاصًا - নির্বাচন করা, একান্ত করে নেওয়া। اِخْلَاصًا - ভেজাল মুক্ত করা। صَدِيْقٌ مُخْلِصٌ-নিঃস্বার্থ বন্ধু। أَنَانِىٌّ - স্বার্থ পর। طُوْلًا (ن) - লম্বা হওয়া। اِطَالَةٌ - লম্বা করা। যথা أَطَالَ اللّٰهُ حَيَاتُكَ - আল্লাহ্ তোমাকে দীর্ঘায়ু দান করুন।

## اَلْمَلِكُ يُرْسِلُ إِلٰى يُوْسُفَ

وَلَمَّا سَمِعَ الْمَلِكُ هٰذَا التَّأْوِيْلَ وَالتَّدْبِيْرَ فَرِحَ جِدًّا ـ وَقَالَ مَنْ صَاحِبُ هٰذَا التَّأْوِيْلِ ـ وَقَالَ الْمَلِكُ : مَنْ هٰذَا الرَّجُلُ الْكَرِيْمُ الَّذِىْ نَصَحَ لَنَا وَدَلَّ عَلَى التَّدْبِيْرِ؟ قَالَ السَّاقِى: هٰذَا يُوْسُفُ الصِّدِّيْقُ، وَهُوَ الَّذِىْ أَخْبَرَ أَنِّي سَأَكُوْن سَاقِيًا لِسَيِّدِى الْمَلِكِ ـ وَاشْتَاقَ الْمَلِكُ إِلٰى لِقَاءِ يُوْسُفَ ، وَأَرْسَلَ إِلٰى يُوْسُفَ وَقَالَ الْمَلِكُ : اِئْتُوْنِى بِهِ أَسْتَخْلِصُهُ لِنَفْسِى -

### ইউসুফ (আঃ) এর নিকট রাজার দূত প্রেরণ

রাজা স্বপ্নের ব্যাখ্যা ও ভবিষ্যৎবাণী শুনে অত্যন্ত আনন্দিত হয়ে বললেন, কে এই ব্যাখ্যাকারী? কে এই মহৎ ব্যক্তি যিনি আমাদেরকে উপদেশের মাধ্যমে ভবিষ্যৎ সম্পর্কে বলে দিয়েছেন। তখন সাকী বলল, ইনি সেই সত্যবাদী ইউসুফ যিনি আমাকে রাজার সাকী হওয়ার ভবিষ্যৎ বাণী করিছিলেন। তখন রাজা ইউসুফের সঙ্গে সাক্ষাতের জন্য অধীর আগ্রহী হয়ে পড়লেন এবং লোক পাঠিয়ে বলে দিলেন, ইউসুফকে আমার কাছে নিয়ে এসো। আমি তাকে আমার একান্ত করে নেবো।

## إِعْرَابُ الْكَلَامِ

### বাক্য বিশ্লেষণ

(اِئْتُوْنِى بِهِ أَسْتَخْلِصُهُ لِنَفْسِى)

(ايت) ফে'য়েল, (الواو) ফা'য়েল, (ن ) نون الوقاية (ى) মাফ'উলুন বিহী

(بـه) জর-মাজরূর মিলে ফে'য়েলের সাথে মুতা'য়াল্লিক হয়েছে। অতঃপর ফে'য়েল, ফা'য়েল মাফ'উলুন বিহী ও মুতা'য়াল্লিক মিলে জুমলায়ে ফে'লিয়া হয়েছে। (أَسْتَخْلِصُهُ لِنَفْسِى) মূলত ছিল, إن تأتوابه أستخلصه لنفسى জুমলায়ে ফে'লিয়া হয়ে شرط محذوف (أستخلصه) ফে'য়েল, তার মধ্যে বিদ্যমান দমীর أنا ফা'য়েল, (ه) দমীর মাফ'উলুন বিহী, (لنفسى) জর-মাজরূর মিলে ফে'য়েলের সাথে মুতা'য়াল্লিক, অতঃপর ফে'য়েল, ফা'য়েল, মাফ'উলুন বিহী ও মুতা'য়াল্লিক মিলে জুমলা হয়ে جواب الشرط, হয়েছে। পরিশেষে শর্ত ও জওয়াবুশ্ শর্ত মিলে جملة شرطية হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ
## প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) مَاذَا فَعَلَ الْمَلِكُ لَمَّا سَمِعَ هٰذَا التَّأْوِيْلَ؟

(٢) هَلْ طَلَبَ الْمَلِكُ سَاقِيَهُ؟

(٣) لِمَاذَا طلبَ الْمَلِكُ سَاقِيَه؟

(٤) أَلِيَسْأَلَه عَنْ صَاحِبِ التأوِيْلِ طَلَبَهُ؟

(٥) مَاذَا قَالَ السَّاقِى؟

(٦) أ اشْتَاقَ الْمَلِكُ إِلٰى لِقَاءِ يُوْسُفَ؟

(٧) لِمَ اشْتَاقَ الْمَلِكُ إِلٰى لقاءِ يُوْسُفَ؟

(٨) مَاذَا قالَ الْمَلِكُ لِرَسُوْلِهِ؟

(٩) لِمَاذَا أَمَرَ الْمَلِكُ أن يَأْتِيَ بِيُوْسُفَ؟

(١٠) أُذْكُرْ مَكَانَةَ الإعرَابِ لِكَلِمَتِى "يُوْسُفُ الصِّدِّيْقُ"

## شَرْحُ الْكَلِمَات (১৫)
## শব্দ বিশ্লেষণ

قَصْرًا (ن) - খাটো হওয়া। تَقْصِيْرًا-খাটো করা। إِسْتِقْصَارًا - খাটো মনে করা। اِقْتِصَارًا (عَلَيْه) - সীমাবদ্ধ করা। كَثْرَةً (ك) -বৃদ্ধি পাওয়া। مَنْ كَثُرَ كَلَامُهُ كَثُرَ لَغَطُهُ - বেশী কথা বললে বেশী ভুল হয়। إِكْثَارًا - বৃদ্ধি করা। أَكْثِرُوا ذِكْرَ الموْتِ - মৃত্যুকে বেশী বেশী স্মরণ করো। قَضِيَّةٌ - ব-ব قَضَايَا বিষয় ,সমস্যা (ض)

قَضَاءً ফয়সালা করা (قَضَى عَلَيْه) ধ্বংস করা। قَاضٍ - ব-ব - قُضَاةٌ -বিচারক। اِنْتِظَارًا অপেক্ষা করা। مُنْتَظِرٌ - অপেক্ষ মান। اَلانْتِظَارُ اَشَدُّ مِنَ الْمَوتِ অপেক্ষার কষ্ট মৃত্যুর কষ্টের চেয়ে কষ্টদায়ক। تَفْتِيْشًا অনুসন্ধান করা।

## يُوسُفُ يَسْأَلُ التَّفْتِيْشَ

وَلَمَّا جَاءَ الرَّسُولُ إلَى يُوسُفَ وَقَالَ لَهُ إنَّ الْمَلِكَ يَدْعُوكَ! مَارَضِيَ يُوسُفُ أنْ يَخْرُجَ مِنَ السِّجْنِ هٰكَذَا ـ وَيَقُولُ النَّاسُ : هٰذَا يُوسُفُ! هٰذَا كَانَ أمْسِ فِى السِّجْنِ ، إنَّه خَانَ الْعَزِيْزَ ـ

إنَّ يُوسُفَ كَانَ كَبِيْرَ النَّفْسِ أبِيًّا إنَّ يُوسُفَ كَانَ كَبِيْرَ الْعَقْلِ ذَكِيًّا

لَو كَانَ أحَدٌ مَكَانَ يُوسُفَ فِى السِّجْنِ وَجَاءَهُ رَسُولُ الْمَلِكِ وَقَالَ لَهُ رَسُولُ الْمَلِكِ : إنَّ الْمَلِكَ يَدْعُوكَ وَيَنْتَظِرُكَ لأسْرَعَ هٰذَا الرَّجُلُ إلَى بَابِ السِّجْنِ وَخَرَجَ ـ وَلٰكِنَّ يُوسُفَ لَمْ يَسْرَعْ ـ وَلٰكِنَّ يُوسُفَ لَمْ يَسْتَعْجِلْ بَلْ قَالَ لِرَسُولِ الْمَلِكِ : أنَا أُرِيْدُ التَّفْتِيْشَ أنَا أُرِيْدُ الْبَحْثَ عَنْ قَضِيَّتِى ـ

وَسَأَلَ الْمَلِكُ عَنْ يُوسُفَ ، وَعَلِمَ الْمَلِكُ وَعَلِمَ النَّاسُ أنَّ يُوسُفَ بَرِئٌ ، وَخَرَجَ يُوسُفُ بَرِيْئًا وَأكْرَمَهُ الْمَلِكُ ـ

### ইউসুফের তদন্দ দাবী

রাজার দূত ইউসুফের নিকট এসে বলল, রাজা আপনাকে ডেকে পাঠিয়েছেন। কিন্তু ইউসুফ (আ.) সহসায় যেতে অসম্মতি জানালেন। কারণ লোকেরা সমালোচনা করে বেড়াবে, এতো সেই ইউসুফ, যে ইতিপূর্বে রাজার সাথে বিশ্বাস ঘাতকতা করায় কারাগারে ছিল। ইউসুফ (আ.) আত্মমর্যাদা সম্পন্ন ও প্রশস্ত হৃদয়ের অধিকারী ছিলেন। তিনি অত্যন্ত বুদ্ধিমানও অসাধারণ মেধার অধিকারী ছিলেন। যদি কারাগারে ইউসুফের স্থলে অন্য কেউ হত আর রাজার দূত এসে বলত, রাজা তোমার জন্য অপেক্ষা করছে, তাহলে সে অবিলম্বে কারাগার ত্যাগ করত। কিন্তু ইউসুফ (আ.) তাড়াহুড়া না করে দূতকে বললেন, আমি জেলে

থাকার সঠিক তদন্ত চাই। রাজা ইউসুফ (আ.) সম্পর্কে তদন্ত করে জানতে পারলেন এবং সকল মানুষ জানল, ইউসুফ (আ.) নির্দোষ। ফলে ইউসুফ (আ.) নির্দোষ প্রমাণিত হয়ে কারাগার থেকে বের হলেন এবং রাজা তাকে স্বসম্মানে বরণ করে নিলেন।

## إِعْرَابُ الْكَلَامِ
## বাক্য বিশ্লেষণ

(إِنَّ يُوسُفَ كَانَ كَبِيْرَ النَّفْسِ أَبِيًّا)

(إن) حرف مشبه بالفعل (يُوسُفُ) ইসম, (كَان) ফে'য়েলে নাকিস, তার মাঝে বিদ্যমান দমীর كان -এর ইস্‌ম, (كَبِيْرَ النَّفْسِ) মুদাফ ও মুদাফুন ইলাইহি মিলে প্রথম খবর (أبيا) দ্বিতীয় খবর। অতঃপর كان তার ইস্‌মও উভয় খবরকে নিয়ে إن এর খবর হয়েছে।

পরিশেষে إسم ان ও خبر إن মিলে জুমলায়ে ইস্‌মিয়া হয়েছে।

(خرج يوسف بريئا)

(خرج) ফে'য়েল, (يُوسُف) সাহেবুল হাল, (بَرِيْئًا) হাল, তারপর হাল ও সাহেবুল হাল মিলে ফা'য়েল হয়েছে। অবশেষে ফে'য়েল ও ফা'য়েল মিলে জুমলায়ে ফে'লিয়া হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ
## প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) مَاذَا قَالَ رَسُولُ الْمَلِكِ لِيُوسُفَ؟

(٢) أَرَضِيَ يُوسُفُ أن يخرجَ مِنَ السِّجْنِ بِلَاتَفْتِيْشٍ؟

(٣) لِمَاذَا لَمْ يَرضَ يُوسُفُ أن يَخْرُجَ مِن السِّجنِ بِلَا تَفْتِيْشٍ؟

(٤) أ خَافَ يُوسُفُ أن يتَّهِمَهُ النَّاسُ غَدًا بِالْخِيَانَةِ؟

(٥) أ طَلَبَ يُوسفُ الْبَحْثَ عَنْ قَضِيَّتِهِ؟

(٦) لَوْ كَانَ أحَدٌ مَكَانَ يُوسفَ فِى السِّجْنِ وَطلبَهُ الْمَلِكُ فَمَاذَا فَعَلَ؟

(٧) هَلْ أَسْرعَ يُوسفُ لِيَخْرُجَ مِنَ السِّجْنِ؟

(٨) مَاذَا قَالَ يُوسفُ لِرَسُولِ الْمَلِكِ؟

(٩) هَلْ عَرفَ النَّاسُ أنَّ يُوسُفَ بَرِئٌ وأنَّهُ دَخَلَ السِّجْنَ مَظْلُومًا ؟

(١٠) أ فَهِمَ الجَمِيعُ أن امرَأةَ الْعَزِيْزِ هِى الَّتِى كَانَتْ مِنَ الخَاطِئِيْنَ؟

## شَرْحُ الْكَلِمَاتِ (১৬)
## শব্দ বিশ্লেষণ

ضَائِعَةٌ - বিনষ্ট, খَزَائِنُ ব-ব - خَزِيْنَةٌ - ধন ভাণ্ডার। ضِيَاعًا (ض) - নষ্ট হওয়া। حَفِيْظٌ - রক্ষক। أَمِيْرٌ - أُمَرَاء ব-ব - বাদশা, শাসক ধ্বংসশীল। اِنْتِفَاعًا - উপকৃত হওয়া। اِسْتِحْيَاء লজ্জাবোধ করা। عَارٌ - লজ্জার বিষয়। عَدِيْمُ الْحَيَاءِ - নির্লজ্জ। يَالَلْعَارِ - কী লজ্জা! اِسْتِرَاحَةٌ - বিশ্রাম করা। مُسْتَرَاحٌ টয়লেট। حَمْدًا (س) প্রশংসা করা। مَذَمَّةٌ (ن) - নিন্দা করা। مَنْ مَدَحَ أَمَامَهُ فَقَدْ ذَبَحَهُ بِلَا سِكِّيْنٍ কারো সামনে প্রশংসা করার অর্থ তাকে ছুরি বিহীন জবাই করা।

## عَلَى خَزَائِنِ الْأَرْضِ

وَكَانَ يُوْسُفُ يَعْلَمُ أَنَّ الْأَمَانَةَ قَلِيْلَةٌ فِي النَّاسِ . وَكَانَ يُوسُفُ يَعْلَمُ أَنَّ الْخِيَانَةَ كَثِيْرَةٌ فِي النَّاسِ . وَكَانَ يُوسُفُ يَرى أَنَّ النَّاسَ يَخُونُوْنَ فِي أَمْوَالِ اللّٰهِ . وَكَانَ يَرى أَنَّ فِي الْأَرْضِ خَزَائِنَ كَثِيْرَةً وَلٰكِنَّهَا ضَائِعَةٌ . إِنَّهَا ضَائِعَةٌ لِأَنَّ الْأُمَرَاءَ لَايَخَافُوْنَ اللّٰهَ فِيْهَا . فَتَأْكُلُ كِلَابُهُمْ وَلَايَجِدُ النَّاسُ مَايَأْكُلُوْنَ .
وَتَلْبَسُ بُيُوْتُهُمْ وَلَايَجِدُ النَّاسُ مَايَلْبَسُوْنَ .
وَلَا يَنْفَعُ النَّاسَ بِخَزَائِنِ الْأَرْضِ إِلَّا مَنْ كَانَ حَفِيْظًا عَلِيْمًا . وَمَنْ كَانَ حَفِيْظًا وَمَا كَانَ عَلِيْمًا لَايَعْلَمُ أَيْنَ خَزَائِنُ الْأَرْضِ وَكَيْفَ يَنْتَفِعُ بِهَا . وَمَنْ كَانَ عَلِيْمًا وَمَا كَانَ حَفِيْظًا يَأْكُلُ مِنْهَا وَيَخُوْنُ فِيْهَا .
وَكَانَ يُوْسُفُ حَفِيْظًا عَلِيْمًا . وَكَانَ يُوْسُفُ لَايُرِيْدُ أَن يَتْرُكَ الْأُمَرَاءَ يَأْكُلُوْنَ أَمْوَالَ النَّاسِ . وَكَانَ يُوسُفُ لَايَقْدِرُ أَن يَرى النَّاسَ يَجُوْعُونَ وَيَمُوْتُوْنَ . وَكَانَ يُوسفُ لَايَسْتَحْيِي مِنَ الْحَقِّ

. فَقَالَ لِلْمَلِكِ : اِجْعَلْنِىْ عَلٰى خَزَائِنِ الأَرْضِ إِنِّى حَفِيْظٌ عَلِيْمٌ" . وَهٰكَذَا كَانَ يُوْسُفُ أَمِيْنًا لِخَزَائِنِ مِصْرَ . وَاسْتَرَاحَ النَّاسُ جِدًّا وَحَمِدُوا اللّٰهَ .

## দেশের ধনভাণ্ডারের দায়িত্ব গ্রহণ

ইউসুফ (আ.) জানতেন যে, মানুষের মাঝে আমানত হ্রাস পেয়েছে এবং খেয়ানত বৃদ্ধি পেয়েছে। তিনি দেখতেন, মানুষ আল্লাহ্‌র দেওয়া সম্পদের অপব্যবহার করছে। তিনি আরও দেখতেন, দেশে প্রচুর ধন-সম্পদ রয়েছে, কিন্তু সেগুলো নষ্ট হচ্ছে। কেননা শাসকগণ মাল খরচ করার ব্যাপারে আল্লাহ্‌কে ভয় করে না। তাই তাদের কুকুরগুলো তৃপ্তি ভরে খায়, কিন্তু মানুষ জীবন ধারণের আহার টুকুও পায় না। তাদের বাড়ি-ঘর সজ্জিত থাকে, কিন্তু মানুষ পরিধানের বস্ত্রটুকুও পায়না।

রক্ষকও জ্ঞানী ছাড়া দেশের ধনভাণ্ডার দ্বারা মানুষের উপকার করা কারো পক্ষে সম্ভব নয়। কেননা কেউ যদি রক্ষক হয়, কিন্তু জ্ঞানী না হয় সে ধনভাণ্ডারের খোঁজ পাবে না এবং তা দ্বারা উপকৃত হতে পারবে না। আবার কেউ যদি জ্ঞানী হয় কিন্তু রক্ষক না হয়, সে সম্পদ খরচের ক্ষেত্রে খেয়ানত করবে। ইউসুফ (আ.) ছিলেন জ্ঞানী ও রক্ষক।

শাসকরা মানুষের সম্পদ আত্মসাৎ করবে, আর মানুষ অনাহারে মারা যাবে তা তিনি সহ্য করতে পারতেন না। ইউসুফ (আ.) সত্য প্রকাশে কুণ্ঠা বোধ করতেন না। তিনি রাজাকে বললেন, আমাকে ধনভাণ্ডারের রক্ষক নিযুক্ত করুন। নিশ্চয় আমি জ্ঞানী ও রক্ষক।

এভাবে ইউসুফ (আ.) দেশের ধন ভাণ্ডারের শাসক নিযুক্ত হলেন। ফলে লোকেরা স্বস্তি পেল এবং আল্লাহ্‌র শোকর আদায় করল।

## إِعْرَابُ الْكَلَامِ

## বাক্য বিশ্লেষণ

(وَكَانَ يُوْسُفُ لَا يَقْدِرُ أَنْ يَرَى النَّاسَ يَجُوْعُوْنَ وَيَمُوْتُوْنَ)

(واو) استئنافية (كان) ফে'য়েলে নাকিছ, (يوسف) তার ইসম, (لا) حرف النفى (يقدر) ফে'য়েল, তার মাঝে বিদ্যমান দমীর هو ফা'য়েল (أن) حرف المصدر (يرى) ফে'য়েল, তার মাঝে বিদ্যমান দমীর هو ফা'য়েল (الناس) ছাহেবুল হাল, (يجوعون) জুমলা হয়ে معطوف عليه (واو) حرف العطف (يموتون) জুমলা হয়ে معطوف অতঃপর মা'তুফ ও মা'তুফুন 'আলাইহি মিলে হাল, এবং হাল ও সাহেবুল হাল মিলে مفعول به হয়েছে। তারপর ফে'য়েল, ফা'য়েল ও মাফ'উলুন বিহী মিলে জুমলা

হয়ে أن দ্বারা মাছদার হয়ে يقدر ফে'য়েলের مفعول به হয়েছে। পুনরায় ফে'য়েল, ফা'য়েল ও মাফ'উলুন বিহী মিলে জুমলা হয়ে كان এর খবর হয়েছে। পরিশেষে كان তার اسم ও خبر কে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ

### প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) كَيفَ كَانَتِ الأَمَانَةُ فِى النَّاسِ؟

(٢) أَ كَانَتِ الأَمَانَةُ كَثِيرَةً؟

(٣) كَيفَ كَانَتِ الخِيَانَةُ فِى النَّاسِ؟

(٤) أَ كَانَتِ الخِيَانَةُ قَلِيلَةً ؟

(٥) أَأُمَنَاءَ كَانَ النَّاسُ أَمْ خَائِنِيْنَ؟

(٦) لِأَيِّ سَبَبٍ كَانَتْ تَضِيعُ الْخَزَائِنُ؟

(٧) مَنْ يَنفَعُ النَّاسَ بِخَزائِنِ الأَرْضِ؟

(٨) أَيَنفَعُ الجَاهِلُ الأَمِينُ النَّاسَ؟

(٩) مَتَى يَنفَعُ العَالَمُ بِخَزَائِنِ الأَرْضِ؟

(١٠) أَيُمْكِنُ لِلأَمِيرِ أَن يَنفَعَ النَّاسَ بِلاَ عِلْمٍ وَأَمَانَةٍ؟

(١١) مَاذَا قَالَ يُوسُفُ لِلْمَلِكِ بَعْدَ أَنْ رَأَى حَالَ الأُمَرَاءِ؟

(١٢) أَ كَانَ يُوسفُ يَستَحِي أَن يُظهِرَ الحَقَّ ؟

## شَرْحُ الْكَلِمَاتِ (١٧)

### শব্দ বিশ্লেষণ

قَحْطٌ/مَجَاعَةٌ - দুর্ভিক্ষ। عَامُ الْمَجَاعَةِ - দুর্ভিক্ষের বছর। إِنكَارًا - অস্বীকার করা, অজ্ঞতা প্রকাশ করা। مُنكِرٌ - অস্বীকার কারী। مُنكَرٌ - গর্হিত কাজ। ظَنًّا (ن) ধারণা করা। عَلىٰ ظَنِّهِ - তার ধারণা মতে। لاَيُتَصَوَّرُ - ধারণাতীত। ظُنُّوا بِالمؤمنِينَ خَيرًا - মুমিনের প্রতি সুধারণা রাখ। فَضَحًا (ف) - কলংকিত করা। أَمْرٌ فَاضِحٌ - কলংকজনক ব্যাপার। وَالبَدْرُ فِيهِ كَلَفٌ يعرَفُ - চাঁদের ও কলংক আছে। اِنتِقَامًا প্রতিশোধ নেওয়া।

## جَاءَ إِخْوَةُ يُوسُفَ

وَكَانَ فِى مِصْرَ وَالشَّامِ مَجَاعَةٌ كَمَا أَخْبَرَ يُوسُفُ، وَسَمِعَ أَهْلُ الشَّامِ وَسَمِعَ يَعْقُوبُ أَنَّ فِى مِصْرَ رَجُلًا رَحِيمًا ـ وَأَنَّ فِى مِصْرَ جَوَّادًا كَرِيمًا وَهُوَ عَلٰى خَزَائِنِ الأَرْضِ ـ وَكَانَ النَّاسُ يَذْهَبُونَ إِلَيْهِ وَيَأْخُذُونَ الطَّعَامَ وَأَرْسَلَ يَعْقُوبُ أَبْنَاءَهُ إِلٰى مِصْرَ بِالْمَالِ لِيَأْتُوا بِالطَّعَامِ ـ وَبَقِىَ بِنْيَا مِيْنُ عِنْدَ وَالِدِهِ،لأَنَّ يَعْقُوبَ كَانَ يُحِبُّهُ جِدًّا ـ وَمَا كَانَ يُرِيْدُ أَن يَبْعُدَ عَنْهُ وَكَانَ يَعْقُوبُ يَخَافُ عَلَيْهِ كَمَا كَانَ يَخَافُ عَلٰى يُوسُفَ ـ

وَتَوَجَّهَ إِخْوَةُ يُوسفَ إِلٰي يُوسفَ وَهُمْ لاَيَعْرِفُونَ أَنَّه أَخُوهُمْ يُوسفُ وَهُمْ لاَيَعرِفُونَ أَنَّه يُوسفُ الَّذى كَانَ فِى البِئرِ ـ وَهُمْ يَظُنُّونَ أَنَّه قَدمَاتَ ، وَكَيفَ لاَيَمُوتُ وَقَد كَانَ فِى البِئرِ ـ كَانَ فِى الْبِئْرِ وَكَانَتِ البِئرُعَمِيقَةٌ ـ وَكَانَتِ الْبِئْرُ فِى الغَابَةِ وَكَانَتِ الغَابَةُ مُوحِشَةٌ ـ وَكَانَ ذَالِكَ فِى اللَّيلِ وَكَانَ اللَّيلُ مُظْلِمًا ـ وَجَاءَ إِخْوَةُ يُوسُفَ فَدَخَلُوا عَلَيْهِ فَعَرفَهُمْ وَهُمْ لَهُ مُنْكِرُوْنَ ـ

كَانُوا مُنْكِرِينَ لِيُوسفَ لاَيَعْرِفُونَه وَلٰكِنْ مَاأَنْكَرَهُمْ يُوسفُ بَلْ عَرفَهُم ـ عَرَفَ يُوسُفُ أَنَّ هٰؤلاَءِ هُمُ الَّذِيْنَ كَانُوا يُرِيْدُوْنَ قَتْلَهٗ وَلٰكِنَّ اللّٰهَ حَفِظَهٗ ـ وَلٰكِن يُوسُفَ لَم يَقُلْ لَهُمْ شَيْئًا وَلَمْ يَفْضَحْهُمْ ـ

### ইউসুফ (আ.) এর নিকট ভাইদের আগমন

ইউসুফ (আ.) এর ভবিষ্যৎবাণী অনুযায়ী মিসর ও সিরিয়ায় দুর্ভিক্ষ দেখা দিল। ইয়া'কুব (আ.) ও সিরিয়াবাসী জানতে পারল যে, মিসরে এক মহানুভব ও

দানশীল লোকের আবির্ভাব ঘটেছে, আর তিনি হচ্ছেন দেশের ধনভাণ্ডারের অধিপতি। লোকেরা তার কাছে গিয়ে খাদ্য-সামগ্রী আনছে। ফলে ইয়া'কুব (আ.) তাঁর সন্তানদেরকে কিছু অর্থ দিয়ে মিসর পাঠালেন। বিনয়ামীন পিতার নিকট রয়ে গেল। কেননা ইয়া'কুব (আ.) তাকে খুব ভালবাসতেন এবং পিতা থেকে তার দূরে থাকা পছন্দ করতেন না। ইয়া'কুব (আ.) তাঁর ব্যাপারে খুব আশংকা করতেন, যেমন ইউসুফের ব্যাপারে আশংকা করতেন।

ভায়েরা ইউসুফের নিকট রওয়ানা হল। কিন্তু তাদের জানা ছিল না যে, তিনি তাদেরই ভাই ইউসুফ। তাদের জানা ছিল না যে, ইনি্ই সেই ইউসুফ যাকে কূপে নিক্ষেপ করা হয়েছিল। তাদের ধারণা ছিল ইউসুফ মারা গেছে। আর মারা যাওয়াই স্বাভাবিক, কেননা সে ছিল গভীর কূপে, আর কূপটি ছিল বিজন বনে। আর ঘটনাটি ঘটেছিল অন্ধকার রাত্রিতে। ভায়েরা এসে ইউসুফের সাথে সাক্ষাৎ করল। ইউসুফ (আ.) তাদেরকে চিনলেন, কিন্তু তারা তাঁকে চিনতে পারল না।"

তারা ইউসুফকে চিনতে পারেনি, কিন্তু ইউসুফ (আ.) তাদেরকে চিনতে পেরেছেন। ইউসুফ (আ.) চিনতে পেরেছেন, এরাই তাঁকে হত্যার চেষ্টা করত, কিন্তু আল্লাহ্ তাঁকে রক্ষা করেছেন। কিন্তু ইউসুফ (আ.) তাদেরকে ওসব কোন কথা বললেন না এবং তাদেরকে অপমান করলেন না।



## إِعْرَابُ الْكَلَامِ
## বাক্য বিশ্লেষণ

(كَانَ فِى مِصْرَ وَالشَّامِ مَجَاعَةٌ كَمَا أَخْبَرَ يُوسُفُ)

(كان) ফে'য়েলে তাম অর্থে ظهر (فى) হরফুল জর, (مِصر) মা'তুফুন 'আলাইহি (و) হরফুল 'আত্ফ (الشّام) মা'তুফ, তারপর মা'তুফ ও মা'তুফুন 'আলাইহি মিলে মাজরূর, এবং জার-মাজরূর মিলে ফে'য়েলের সাথে প্রথম মুতা'য়াল্লিক, (مجاعة) ফা'য়েল, (ك) হরফুল জর, (ما) حرف المصدر (أخبر) ফে'য়েল, (يوسف) ফা'য়েল, তারপর উভয় মিলে জুমলায়ে ফে'লিয়া হয়ে ما দ্বারা মাছদার হয়ে মাজরূর হয়েছে। জর মাজরূর মিলে ফে'য়েলের সাথে দ্বিতীয় মুতা'য়াল্লিক, পরিশেষে ফে'য়েলে তাম তার ফা'য়েল ও উভয় মুতা'য়াল্লিককে নিয়ে জুমলায়ে ফে'লিয়া হয়েছে।

## أَجِبْ عَنْ كُلِّ سُؤَالٍ بِالْعَرَبِيَّةِ
## প্রতিটি প্রশ্নের আরবীতে উত্তর দাও

(١) أَ كَانَ فِى مِصرَ والشَّامِ مَجَاعَةٌ كَمَا أَخْبَرَ يُوسُفُ؟

(٢) مَاذَا سَمِعَ يَعقوبُ وَأَهلُ الشَّامِ؟

(٣) لِمَاذَا أَرْسَلَ يَعْقُوبُ أَبْنَاءَهُ إِلَى مِصْرَ؟

(٤) هَلْ ذَهَبَ بِنْيَامِينُ مَعَ إِخْوَتِهِ إِلَى مِصْرَ؟

(٥) لِأَيِّ شَيْءٍ بَقِيَ بِنْيَامِيْنُ عِنْدَ وَالِدِهِ؟
(٦) هَلْ عَرَفَ يُوْسُفُ إِخْوَتَهُ؟
(٧) هَلْ عَرَفَ الإِخْوَةُ يُوسفَ ؟
(٨) أَ انْتَقَمَ يُوسفُ مِمَّن أرادُوا قَتْلَهُ؟
(٩) مَاذَا كُنتَ تَفْعَلُ لَوْ عَامَلَكَ أَحَدٌ مُعَامَلَةَ يُوْسُفَ؟
(١٠) أَيْنَ صَاحِبُ الْحَالِ وَبِمَ يَتَعَلَّقُ الجَارُفِي هٰذِهِ الجُمْلَةِ "وَهُمْ لَهُ مُنْكِرُوْنَ" ؟

## شَرْحُ الْكَلِمَاتِ (১৮)

### শব্দ বিশ্লেষণ

